মল্লিকাখ্য —ঈষৎধূষররক্তবর্ণচঞ্চু ও দ্বিপাদযুক্তহংস।
নিরুপাখ্য —অনির্ব্বচনীয়, পরব্রহ্ম, অস্তিত্বহীন।
যুগলাখ্য —গাছ বিং, বাবুই গাছ।
নিরাকাঙ্ক্ষ —বীতস্পৃহ, সন্তুষ্ট।
দুষ্পূরাকাঙ্ক্ষ —যাহার আকাঙ্ক্ষা নিবৃত্তি হয় না।
জলকাঙ্ক্ষ —জলাভিলাষী, হস্তী, করী, শুণ্ডধর।
দৃশাকাঙ্ক্ষ্য —পদ্ম, যাহার চক্ষু কবির উপমেয়।

আখ—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

পুণ্ডরীকাক্ষ —বিষ্ণু, কৃষ্ণ, হরি, পদ্ম পলাশ লোচন।
দ্বিসহস্রাক্ষ —সর্পরাজ, অনন্তদেব, অনন্ত নাগ।

নীলকণ্ঠাক্ষ —রুদ্রাক্ষ, খঞ্জনের ন্যায় যাহার চক্ষু।

ইখ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

রিখ্ —(ধা) গমন—রিখন।

লিখ্ —(ধা) চিত্র করণ—লিখন, লেখন, বিলেখন।

ঈক্ষ্ —(ধা) দর্শন—ঈক্ষণ, নিরীক্ষণ, উৎপ্রেক্ষা।

দীক্ষ্ —(ধা) উপদেশ—দীক্ষা, দীক্ষিত, দীক্ষণ।

বৃক্ষ্ —(ধা) আচ্ছাদন—বৃক্ষ, বৃক্ষিত, বৃক্ষণ।

ভিক্ষ্ —(ধা) যাচ্ঞা ক্র—ভিক্ষা, ভিক্ষুক।

শ্লক্ষ্ —(ধা) শ্লক্ষ্ণ—শ্লক্ষ, শ্লক্ষণ।

শিক্ষ্ —(ধা) শিক্ষা ক্র—বিদ্যা গ্রহণ করা।

ইন্খ্ —(ধা) গমন করা।

ত্রিখ —দশা, সীসা, টিন, রাঙ্গ।

তুখ —জাতীফল, জায়ফল।

বিখ —খাঁদা, যাহার নাসিকা নাই।

ঈক্ষ —দর্শন, অবলোকন, (ধা) দর্শন করা।

বৃক্ষ —তরু, পাদপ, বিটপী, দ্রুম, মহিরুহ, গাছ।

ঋক্ষ —ভল্লুক, পর্ব্বত, তারা, মেষাদি রাশি, বিদারিত

বিখ্য —খাঁদা, যাহার নাক নাই।

বীক্ষ্য —দর্শনীয়, বিস্ময়, নৃত্য কারক।

সিক্ষ্য —স্ফটিক মণি, কাঁচ, বেলোয়ার।

বিখ্র —খাঁদা, ছিন্ন নাসিকা, চন্দ্র, নাসিকাবিহীন।

বিশ্বা —অশ্বের খুর।

ইখ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

উচ্ছিখ —উন্নতাগ্র, উন্নত মস্তক।
তারিখ —(যা) দিন, রোজ, তিথি।
নিরিখ —(যাং) ভূমির বিবিধ কর।
নিরীখ —(দেং) দ্রব্যের মূল্য, বাজার ভাও, দর, হার।
বিলিখ —খনন, আঁচড়ান।
ত্রিশিখ —রাবণের পুত্র, রাক্ষস বিং, ত্রিশূল, কিরীট॥
বিশিখ —বাণ, শর, শরগাছ, তোমরাস্ত্র, শিখারহিত॥
সুশিখ —অগ্নি, উত্তম শিখা যুক্ত, চন্দন বিং।
ঈদৃক্ষ —এইরূপ, এতাদৃশ, এইপ্রকার।
সদৃক্ষ —অনুরূপ, সমান, তুল্য, উপযুক্ত, যোগ্য।
শ্রীবৃক্ষ —বিল্বতরু, অশত্থগাছ।
সুভিক্ষ —প্রচুর ভিক্ষা বা ভক্ষ্য বিশিষ্ট, বৃক্ষ বিং।
দুর্ভিক্ষ —দেশে শস্যাদি খাদ্য দ্রব্যের অভাব, অকাল।
সমীক্ষ —সাঙ্খ্য দর্শন, দৃষ্টি, দর্শন, বিবেচনা।
প্রতীক্ষ্য —পূজ্য, আরাধ্য, অপেক্ষণীয়।
সমীক্ষ্য —সাঙ্খ্য দর্শন, দর্শন, চেষ্টা, অনুসন্ধান।

ইখ—অন্ত। (৪) চতুরক্ষর।

পঞ্চশিখ —সিংহ, ধর্ম্মাত্মজ মুনি বিং, পাঁচ শাখা যুক্ত॥
বদ্ধশিখ —শিশু, যে শিখা বন্ধন করিয়াছে, শিষ্য।
অগ্নিশিখ —কুঙ্কুম, বাণ, দীপ, স্বর্ণ।
বহ্নিশিখ —অগ্নিজ্বালা, কুসুম্ভ পুষ্প, কুঙ্কুম।

পুষ্পনিক্ষ —অলি, ভ্রমর।
শাকবৃক্ষ —শেগুণ গাছ।
শঙ্কুবৃক্ষ —শাল গাছ।
নখবৃক্ষ —নীলী গাছ।
শিখাবৃক্ষ —দীপাধার, পিল্‌সুজ, শামাদান।
রাজবৃক্ষ —পিয়ালতরু, সোঁদালি ও লঙ্কাসিজের গাছ
তেজোবৃক্ষ—ক্ষুদ্র অগ্নিমন্থ তরু।
নিদ্রাবৃক্ষ —নিদ্রা যাহার ফল, অন্ধকার।
সাধুবৃক্ষ —কদম্ব তরু।
গুণবৃক্ষ —নৌকা বা জাহাজের মাস্তুল।
জ্যোৎস্নাবৃক্ষ-দীপাধার, পিল্‌সুজ।
দীপবৃক্ষ —দীপ, পাদপ, দীপাধার, পিলসুজ।
কল্পবৃক্ষ —অভীষ্ট ফলদাতা স্বর্গীয় গাছ, কল্পতরু।
কাফিবৃক্ষ —স্বনাম প্রসিদ্ধ তরু বিং।
দেববৃক্ষ —সপ্তপর্ণ বৃক্ষ, মন্দার গাছ, গুগ্‌গুল।
শ্রুবাবৃক্ষ —বিকঙ্কত তরু, বঁইচগাছ।
কামবৃক্ষ —বন্দাক, পরগাছ।
তাম্রবৃক্ষ —রক্তচন্দন গাছ।
তূলবৃক্ষ —শিমূল গাছ, কার্পাসের গাছ।
ধনুর্বৃক্ষ —বংশ, বাঁশ, অশ্বত্থ, ভল্লাতক।
অন্তরিক্ষ —আকাশ, ভূলোক ও সূর্য্যের মধ্যবর্ত্তী স্থান।
অন্তরীক্ষ —আকাশ, ভূলোক ও সূর্য্যের মধ্যবর্ত্তী স্থান।

অান্তরীক্ষ —গগনোৎপন্ন, আকাশ, গগন।
দুর্নিরীক্ষ —দুর্দ্দর্শ, অনবলোকনীয়।
বিষ্ণুঋক্ষ —শ্রবণা নক্ষত্র।
হংসাভিখ্য—রজত, রৌপ্য।
সোমবৃক্ষঃ—শ্বেত খদির, কট্‌ফল গাছ।

ইখ—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

কুটজবৃক্ষ —শিরিষ ও প্লক্ষতরু,কুরচী গাছ,পাখী বিং
হিমাংশুভিখ্য—রৌপ্য, রজত, রূপা।

উখ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উখ্ —(ধা) গমন করা।
দুঃখ্ —(ধা) দুঃখকরণ—দুঃখ, দুঃখিত।
সুখ্ —(ধা) সুখীকরণ—সুখ, সুখী।
উক্ষ্ —(ধা) সেচন,উক্ষণ,প্রোক্ষণ,প্রোক্ষণীয়,প্রোক্ষক
ধুক্ষ্ —(ধা) ক্লেশপা—ধুক্ষণ, ধুক্ষিত।
রূক্ষ্ —(ধা) অগ্নি দগ্ধ হওয়া—রূক্ষ, রূক্ষকেশ।
দুঃখ —ক্লেশ, কষ্ট, সন্তাপ, সংসার, দুঃখ জনক।
মুখ —আনন, বদন, গৃহাদির দ্বার, আরম্ভ, শ্রেষ্ঠ।
রুক্ষ —কঠিন, কর্কশ, খস্‌খসে, বন্ধুর, উগ্র, নিষ্ঠুর।
রূক্ষ — [ঐ]
সুখ —আনন্দ, স্বর্গ, জল, মনোহর, মধুর, সুখী,প্রীতি
উক্ষ —সিক্ত, ধৌত।
উখ্য —স্থালীপক্ক মাংসাদি।

মুখ্য —শ্রেষ্ঠ, প্রধান, আদিম, আদ্য।
শূক্ষ্ম —সরু, মিহি, অল্প,কৃতক,কৃত্রিম,পরমাত্ম বিষয়ক
সূক্ষ্ম —সরু,অল্প,ছল,ছোটএলাচী,অধ্যাত্ম বস্তু-শাস্ত্র।
সুযুগ্ম —সুন্দর, মনোহর, সামবেদান্তর্গত প্রণব ষট্‌ক।
পুঙ্খ —বাণের গুণযোজনস্থান, কাণ্ড, মূল।
মূর্খ —অজ্ঞ, মূঢ়, জড়মতি, বর্ব্বর, মাষ,গায়ত্রী রহিত
দুঃখ —ক্লেশ, কষ্ট।

উখ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ময়ূখ —কিরণ, আলোক, শোভা, জ্বালা,গোঁজ,পিন্‌।
আমুখ —প্রস্তাবণারূপ নাটকের অঙ্গ বিং।
গোমুখ —তিলক পুঁটলি,'বিলেপন, সিঁধ,গবাস্য।
শ্রীমুখ —কাল চক্রের ৭ম বৎসর, শোভাযুক্ত আনন।
দ্বিমুখ —রাজ সর্প, যাহার দুই দিকে মুখ আছে।
প্রমুখ —১ম, শ্রেষ্ঠ, আরম্ভ, তৎকাল, পুন্নাগ গাছ।
বিমুখ —পরাঙ্মুখ, অপ্রসন্ন, নিবৃত্তি, নিস্পৃহ।
সমুখ —বক্তা, বাগ্মী, যাহার মুখ আছে।
সুমুখ —গরুড় ও তৎ পুত্র, গণেশ, সুন্দর মুখ যুক্ত।
সম্মুখ —সমক্ষ, অভিমুখ।
প্রাঙ্মুখ —পূর্ব্বাস্য, পূর্ব্ব মুখ।
বাঙ্মুখ —উপন্যাস, বাক্যারম্ভ, মুখবন্ধ।
উন্মুখ —ঊর্দ্ধমুখ, উৎসুক, উদ্যুক্ত।
ষণ্মুখ —ষড়ানন, কার্ত্তিকেয়।

সম্মুখ —অভিমুখ।
দুর্ম্মুখ —কটুভাষী, কুৎসিত, অশ্ব, বানর-নাগ-বিং।
অসুখ —ক্লেশ, কষ্ট, পীড়া।
বৈমুখ্য —বিমুখতা, অপ্রসন্নতা, পলায়ন,উঠিয়া আসা

উখ—অন্ত। (৪) চতুরক্ষর।

দ্বন্দ্ব দুঃখ —শীতোষ্ণ সুখদুঃখাদির একাভাবদুঃখ।
ত্রয়ীমুখ —ব্রাহ্মণ।
অয়োমুখ —লৌহাগ্র যুক্ত বাণ, পর্ব্বত বিং।
কঙ্কমুখ —চিম্‌টা, সাঁড়াশী, সোন্না বিং।
উল্কামুখ —প্রেত বিং, বাণ বিং।
শঙ্খমুখ —নক্র, কুমীর।
সূচীমুখ —মণি, রত্ন, বাণ বিং।
পঞ্চমুখ —শিব, পঞ্চানন।
ম্লেচ্ছমুখ —তাম্র, তামা।
কৃতমুখ —কৃতকর্ম্মা, প্রধান, শ্রেষ্ঠ।
শতমুখ —শত মুখ যুক্ত, ইন্দ্র, দেবরাজ।
প্রতিমুখ —অভিমুখ, সম্মুখ, নাট্যের সন্ধি বিং।
মাতৃমুখ —মূর্খ, জড়, স্থূলবুদ্ধি, অজ্ঞব্যক্তি।
চৈত্যমুখ —ছাত্রের জলপাত্র, কমণ্ডলু, পূজার পাত্র।
স্বস্তিমুখ —লেখ, লিপি, ব্রাহ্মণ, স্তুতিপাঠক।
তদামুখ —আরম্ভ, উদ্যোগ।
ভদ্রমুখ —সৌম্য দর্শন, দেখিয়া ভদ্র বোধ করা।

নান্দীমুখ —কূপাদির মুখ বন্ধন, আভ্যুদয়িক শ্রাদ্ধ।
দধিমুখ —বানর বিং।
অধোমুখ —নত মুখ, নক্ষত্রগণ বিং।
যানমুখ —রথাদির অগ্রভাগ।
দিনমুখ —প্রাতঃকাল, প্রত্যূষ।
দ্রোণমুখ —জেলার কি ৪০০ গ্রামের প্রধান নগর।
সেনামুখ —সৈন্য সংখ্যা বিং, পুরদ্বারের উচ্চ পথ।
অগ্নিমুখ —দেবতা, ব্রাহ্মণ, চিতাগাছ, ভল্লাতক।
অভিমুখ —অনুকুল, সম্মুখ, সদয়, ঊর্দ্ধমূখি, সমীপ।
গ্রামমুখ —বাজার, হাট।
করিমুখ —গজানন, গণেশ, হাতীর মুখ।
ক্রোড়ীমুখ —গন্ডীর।
কেলিমুখ —কৌতুক, পরিহাস।
বলিমুখ
বলীমুখ } —বানর, কপি।
শিলীমুখ —ভ্রমর, বাণ, শর, যুদ্ধ।
অশ্বমুখ —কিন্নর।
সিংহমুখ —সিংহমুখ, হস্তীর ভূষণ বিং।
গুহামুখ —যাহার হাঁ অতিশয় বড়, বিস্তৃত মুখ যুক্ত।
মহামুখ —কুমীর, কুম্ভীর, বৃহৎ বদন।
বহ্নিমুখ —অগ্নিমুখ, দেবতা।
পরাঙ্মুখ —অধোমুখ, নতমুখ, প্রতিকুল, বিমুখ।

চতুর্ম্মুখ —ব্রহ্মা, প্রজাপতি।
অহর্ম্মুখ —প্রভাত, দিনের প্রত্যূষ।
মহাসুখ —অতিশয় আহ্লাদ, শৃঙ্গার, মৈথুন, বুদ্ধ।
রত্নমুখ্য —হীরক, হীরা।
আভিমুখ্য —সম্মুখীনত্ব, আনুকূল্য।
পারিমুখ্য —অভিমুখতা, সম্মুখতা, বিদ্যমানতা।
অতিসূক্ষ্ম —অতি লঘু, অতি ক্ষুদ্র।
কৃতপুঙ্খ —শর ক্ষেপণে সুপণ্ডিত।
চিত্রপুঙ্খ —শর, বাণ।
গণ্ডমূর্খ —অতিশয় মূর্খ, বোকা।
হতমূর্খ —অতি মূঢ়, গণ্ড মূর্খ।

উখ—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

সূচিকামুখ —শঙ্খ, শাঁখ, কম্বু।
পূতিকামুখ —শম্বুক, শামূক।
সর্ব্বতোমুখ —সর্ব্বদিগাভিমুখ, জল, আকাশ।
অবদ্ধমুখ —অপ্রিয় বাদী, দুর্ম্মুখ।
মলিনমুখ —ক্রূর, অসভ্য, ভয়ঙ্কর, অগ্নি, হনুমান, ভূত।
দক্ষিণামুখ —দক্ষিণদিঙ্মুখ, দক্ষিণাস্য।
রজনীমুখ —নীশামুখ, প্রদোষ, সায়ংকাল।
বড়বামুখ —বড়বানল, বাড়বাগ্নি, সমুদ্রাগ্নি।
প্রতিভামুখ —বুদ্ধিমান্, প্রাগল্ভ্য, তীক্ষ্ণ, প্রখর।
অক্ষরমুখ —ছাত্র, শিষ্য।

দিবসমুখ —অহর্মুখ, প্রাতঃকাল।
উদয়োন্মুখ —যাহার উদয় হইবার উপক্রম হইয়াছে।
বিনাশোন্মুখ —বিনষ্টপ্রায়, পক্ক, মৃতপ্রায়, ম্রিয়মাণ।
সূক্ষ্মানুসূক্ষ্ম —বিবেচনা, বিশেষ বিচার।
পুঙ্খানুপুঙ্খ — [ঐ]
পণ্ডিতমূর্খ —যে পণ্ডিত হইয়াও মুর্খের কার্য্য করে।

উখ—অন্ত। (৬) ষড়ক্ষর।

সর্ব্বদেবমুখ —অগ্নি, বহ্নি, অনল।
একদুঃখসুখ —সমদুঃখ সুখ, দুঃখে দুঃখী, সুখে সুখী।

এখ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

লেখ —লিপি, পত্র, লিখন, দেবতা, লেখনীয়।
লেখ্য—অক্ষর, লিখিতপত্রাদি বা চিত্রাদি, লেখনীয়।

এখ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ত্রিরেখ —শাঁখ, শঙ্খ।
উল্লেখ —অর্থালঙ্কার বিং, খনন, বমন, কথন, চাঁচা।
হৃল্লেখ —জ্ঞান, তর্ক।
ব্যপেক্ষ —প্রতীক্ষক, আকাঙ্ক্ষী।
সাপেক্ষ —সাকাঙ্ক্ষা, অপেক্ষা যুক্ত, পরস্পরাপেক্ষী।
আলেখ্য —চিত্রপট, ছবি, চিত্র করণ যোগ্য।

এখ—অন্ত। (৪) চতুরক্ষর।

রাজলেখ —রাজদত্ত আজ্ঞাপত্র, সনন্দ।
পাণ্ডুলেখ —খসড়া লেখা, মুসাবিদা।

সমুল্লেখ —কথন, খনন, আঁচড়ান, কুন্দন, চাঁচা।
অনপেক্ষ —স্বাধীন, নিরপেক্ষ, স্বেচ্ছাচারী।
নির্ব্ব্যপেক্ষ —নিরপেক্ষ, নিরুৎসুক।
নিরপেক্ষ —অপেক্ষা রহিত, স্বতন্ত্র, স্বাধীন, তটস্থ।
ক্রয়লেখ্য —ভূম্যাদি ক্রয়ের লেখাপড়া, কবলা।
পাণ্ডুলেখ্য —খসড়া লেখা, মুসাবিদা।
দ্বিধালেখ্য —হিন্তাল বৃক্ষ, হেঁতাল গাছ।
নৈরাপেক্ষ্য —নিরপেক্ষতা।
প্রত্যবেক্ষ্য —প্রত্যবেক্ষণ যোগ্য, বিচার্য্য, অনুসন্ধের।

এখ—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

মদনলেখ —প্রণয় সূচক পত্রিকা।
চমরলেখ —শেষ জীবনী, উইলাদি।

ঐখ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ভৈক্ষ —ভিক্ষালব্ধ বস্তু, ভিক্ষা, যাক্সা।
শৈক্ষ —১ম শিক্ষণীয় শাস্ত্রাধ্যয়নকারী ছাত্র, ২য় কল্পিক।

ওখ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ওখ্ —(ধা) ভূষিত করা।
রোখ —(দেং) তেজ, সাহস।
চোক্ষ —ধীত, পরিষ্কৃত, বিশুদ্ধ, কার্য্যদক্ষ, সুন্দর।
মোক্ষ —ভব বন্ধন হইতে মুক্তি, পরিত্রাণ, মরণ।
মোক্ষ —(ধা) ক্ষেপণ, মোক্ষ, মোক্ষন।

ওখ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

জাতোক্ষ —তরুণ বৃষ, বলদ, বলীবর্দ্দ।

বৃদ্ধোক্ষ —বুড়ো ষাঁড়।

অমোক্ষ —কয়েদ, বন্ধ, যাবজ্জীবন কয়েদ, বন্দী।

পরোক্ষ —অসাক্ষাৎ, অপ্রত্যক্ষ, তপস্বী, অতীতকাল।

মহোক্ষ —বৃহৎ বৃষ, মহাবৃষভ, গোপতি।

ওখ—অন্ত। (৪) চতুরক্ষর।

ঋণমোক্ষ —ধার শোধ, ঋণ শোধ।

পরিমোক্ষ —মোচন, ভঙ্গ।

অপরোক্ষ —সাক্ষাৎকার যোগ্য,প্রত্যক্ষ জ্ঞান, বিষয়।

ঔখ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ঔখ্য —স্থালী পক্ব, অন্নাদি।

সৌখ্য—সুখ, সুখবিস্তৃতি।

ঔক্ষ্য —বৃষ সমূহ।

রৌক্ষ্য—কার্কশ্য, রুক্ষতা, কাঠিন্য।

খা। (১) একাক্ষর।

খ্যা—(ধা) আখ্যা, সংখ্যা, উপাখ্যান, খ্যাত।

ক্ষ্মা—যে সহ্য করে, পৃথিবী।

অখা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

সখা —বন্ধু, মিত্র, সুহৃদ, বয়স্য, সহচর, সহায়।

কক্ষা —কাঞ্চী, বস্ত্রাঞ্চল, কুঠরি, রোগ বিং।

তক্ষা —বিশ্বকর্ম্মা, সূত্রধর, ছুতার, চিত্রা নক্ষত্র।
প্রখ্যা —সাদৃশ, খ্যাতি।
কক্ষ্যা —কক্ষা।
জক্ষ্মা —মহারোগ বিং, ক্ষয়কাশ, যক্ষ্মা কাশ।
যক্ষ্মা — [ঐ]
সঙ্খ্যা —একত্ব দ্বিত্বাদি গণনা, বুদ্ধি, বিচার।

অখা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আনখা —অজ্ঞাত, অজানিত, অপরিচিত।
খানখা —অনর্থক, বৃথা।
পিপক্ষা —পাক করণেচ্ছা।
বিবক্ষা —বলিবার ইচ্ছা, অভিলাষ, কামনা, বাসনা।
নৃচক্ষাঃ —রাক্ষস, যে ভক্ষণ করে, নিশাচব।
প্রচক্ষাঃ —বৃহস্পতি, সুরাচার্য্য।
মিমঙ্ক্ষা —অবগাহনেচ্ছা, মজ্জন করিতে ইচ্ছা।

অখা—অন্ত। (৪) চতুরক্ষব।

শূর্পনখা —শূর্পেরমত যাহারনখ, রাবণের ভগিনী।
সূর্পনখা — [ঐ]
মৃগভক্ষা —জটামাংসী।
আত্মরক্ষা —আত্মত্রাণ, আপনার রক্ষণ।
স্বাত্মরক্ষা —আত্মরক্ষার্থে নৈপুণ্যসাধন বিদ্যা।
রাজযক্ষ্মা —যক্ষ্মা, ক্ষয় রোগ, রোগের রাজা।
রাজলক্ষ্ম। —রাজা যুধিষ্ঠির।

কম্পলক্ষ্মা —বায়ু, অনিল, বাতাস, সমীরণ।
তাললক্ষ্মা —বলরাম।
পরিসঙ্খ্যা —গণনা, সঙ্খ্যা, বস্তুর ব্যবচ্ছেদ।

অখা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

আকাশকক্ষা—গগণান্তরাল।

আখা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আখা —চুল্লী, উনান।
চাখা —(দেং) স্বাদ গ্রহণ করা।
পাখা —পালক, ডানা, ব্যজন।
মাখা —(দেং) মর্দ্দন বা মিশ্রিত করণ, একত্রীকৃত।
শাখা —বৃক্ষের ডাল, বেদের অংশ, বাহু, একদেশ।
শাঁখা —(দেং) শঙ্খনির্ম্মিত সধবার হস্তাভরণ বিং।
দ্রাক্ষা —কিস্‌মিস্, মনাক্কা, আঙ্গুর।
রাক্ষা —গালা, রক্ত কীট, লাক্ষা।
লাক্ষা —লোহিত বর্ণক, জৌ, লা, গালা।
আখ্যা—নাম, সংজ্ঞা, কথন।
ব্যাখ্যা—বর্ণন, টীকা, অর্থ প্রকাশন, বিবরণ।
কাঙ্ক্ষা—অভিলাষ, বাঞ্ছা।

আখা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

বিশাখা —ষোড়শ নক্ষত্র।
কামাখ্যা —দেবী বিং।
সমাখ্যা —আখ্যা, নাম, যশঃ, কীর্ত্তি।

তলাখ্যা —মুরা নামক গন্ধ দ্রব্য।
আকাঙ্ক্ষা-অভিলাষ, আশা, প্রার্থনা।
সাকাঙ্ক্ষা—আকাঙ্ক্ষা যুক্ত, কামুক।

আখা—অন্ত। (৪) চতুরক্ষর।

আঙ্গরাখা —(যাং) গাত্রবসন বিং, জামা।
পাদশাখা —পদাঙ্গুলি।
স্কন্ধশাখা —প্রধান শাখা।
ধনুঃশাখা —জ্যা, ছিলা।
করশাখা —আঙ্গুল, অঙ্গুলী।
দ্বারশাখা —কবাট, দ্বারস্তম্ভ।
উদারাখ্যা —অস্পষ্ট, ঘোরার্থ।
দুরাকাঙ্ক্ষা —দুষ্টাকাঙ্ক্ষা, অসম্ভববিষয়াভিলাষ।

আখা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

সাগরশাখা —স্থলভাগে প্রবিষ্ট সংকীর্ণ সাগরাংশ।

ইখা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

শিখা —চূড়া, কিরীট, টিকী, আগুণের শীষ, কামজ্বর।
ঈক্ষা —দর্শন, অবলোকন।
দীক্ষা —উপদেশ, মন্ত্রগ্রহণ, যজ্ঞাদি কর্ম্মে সংস্কার।
নিক্ষা —কেশকীট, নিকী।
বীক্ষা —দর্শন, দেখা, দৃষ্টি।
ভিক্ষা —যাচ্ঞা, যাচিত বস্তু, ভৃতি, সেবা।
রিক্ষা —লিক্ষা, নিকী, সূর্য্যকিরণগত অণু।

লিক্ষা }
লীক্ষা } —ক্ষুদ্র উকুণ, নিকী।
শিক্ষা —অভ্যাস, বিনয়, উপদেশ, অধ্যয়ন, দমন।
বীঙ্খা —গমন, অগ্রগমন, নৃত্য, অশ্বের গতি বিং।

ইখা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

পরিখা —চতুর্দ্দিকে খাত, গড়খাই।
জিঘৃক্ষা —গ্রহণেচ্ছা।
সিসৃক্ষা —সৃষ্টি করিবার বাসনা, নির্ম্মাণেচ্ছা।
তিতিক্ষা —ক্ষমা, সহিষ্ণুতা, খেদ।
প্রতীক্ষা —অপেক্ষা, অন্যের প্রত্যাশা, পূজা।
দিদৃক্ষা —দেখিতে ইচ্ছা, দর্শনাভিলাষ।
অন্বীক্ষা —বেদের বাক্যার্থ পর্য্যালোচনা, অনুমান।
আমিক্ষা }
আমীক্ষা } —দুগ্ধ বিকার ক্ষি, ছানা।
মিমিক্ষা —প্রস্রাব করণেচ্ছা, মূত্র ত্যাগেচ্ছা।
অভিখ্যা —উপাধি, শোভা, নাম, কীর্ত্তি।

ইখা—অন্ত। (৪) চতুরক্ষর।

শিখিশিখা —ময়ূর চূড়া, শিখিশেখর, অগ্নিশিখা।
অগ্নিশিখা —বিষালাঙ্গলিয়া, জুঁয়াতাশাক, অগ্নিজ্বালা।
দীপশিখা —কজ্জল, কাজল, প্রদীপের শীষ, মসী।
ব্রতভিক্ষা —উপনয়ন কালীন ভিক্ষা।

ইখা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অনুজিঘৃক্ষা —অনুগ্রহ করিবার ইচ্ছা।

অগ্নিপরীক্ষা —অগ্নিদ্বারা পরীক্ষা, চকমকি পাথর।

উখা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উখা —স্থালী, পাকপাত্র, সূত্রধারের ঘর্ষণাস্ত্র বিং।

মুখা —মুখাকৃতি।

উক্ষা —বলদ, গবী।

সূক্ষ্মা —শব্দ প্রবৃত্তি বিং, ছোট এলাচী, মল্লিকা বিং।

পূর্ব্বা —(দেং) পুরাতন, ধূর্ত্ত, চতুর।

উখা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ত্রিমুখা —বুদ্ধ দেবতা বিং, বজ্রকালিকা, গৌরী।

ষণ্মুখা —ভুজালতা, খরমুজ গাছ।

বুভুক্ষা —ভোজনেচ্ছা, ক্ষুধা।

ঋভুক্ষা —দেবরাজ, ইন্দ্র, স্বর্গ, বজ্র।

উখা—অন্ত। (৪) চতুরক্ষর।

নক্তমুখা —রাত্রি, রজনী, নিশা।

বারমুখ্যা —বেশ্যা, গণিকা।

মহাসূক্ষ্মা —বালুকা, বালি।

ইষুপুঙ্খা —শরগাছ, ইহা বাণের পশ্চাদ্ভাগে যোজ্য।

এখা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

দেখা —দৃষ্ট, সাক্ষাৎ, দৃষ্টিপাত।

রেখা —লম্বাকৃতি চিহ্ন, শ্রেণী, উল্লেখ, ছল, সম্পূর্ণতা।

লেখা —চিহ্ন, লিপি, লিখন, চিত্রকরণ, স্থলী, কলা।
প্রেক্ষা —বুদ্ধি, প্রজ্ঞা, দর্শন, পর্য্যালোচনা, শাখা।
প্রেঙ্ক্ষা—দোলা, গৃহ বিং, পর্য্যটন, অশ্বগতি, নৃত্য।

এখা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অপেক্ষা —আকাঙ্ক্ষা, প্রযত্ন, অনুরাগ, সম্বন্ধ।
উপেক্ষা —ঘৃণা, ঔদাসীন্য, তাচ্ছীল্য।
ব্যপেক্ষা —আকাঙ্ক্ষা, স্পৃহা, বিশেষ অনুরোধ।
উৎপ্রেক্ষা —অর্থালঙ্কার বিং, দর্শন, উদ্ভাবন, অনুমান।

এখা—অন্ত। (৪) চতুরক্ষর।

অক্ষরেখা —বিষুবরেখার যে গোল রেখা পূ–প ব্যাপ্ত
ঋজুরেখা —সরল রেখা।
ইন্দুরেখা —চন্দ্রকলা, চন্দ্রখণ্ড, সোমলতা।
ঊর্দ্ধ্বরেখা —করাঙ্গুলির রেখা বিং।
বর্ণরেখা —কঠিনী, খড়ী।
ধ্রুবরেখা —বিষুবরেখা, নাড়ী মণ্ডল।
কামরেখা —বেশ্যা।
মৃগলেখা —মৃগাকৃতি চিহ্ন।
চিত্রলেখা —বাণরাজার মন্ত্রীর কন্যা, পট, ছন্দো বিং
পত্রলেখা —পত্রাবলী রচনা, তিলক।
ইন্দুলেখা —চন্দ্রকলা, চন্দ্রখণ্ড, সোমলতা।
বর্ণলেখা —কঠিনী, খড়ী।
শশিলেখা —চন্দ্রকলা, গুড়ুচী।

মুখাপেক্ষা —অনুরোধ, আশা, পক্ষপাত।
প্রত্যবেক্ষা —সূক্ষ্মরূপে দর্শন, তত্ত্বাবধান, ঠিকবিচার।

এখা —অন্ত। (৫) পঞ্চাক্ষর।

নিরক্ষরেখা —নাড়ীমণ্ডল, বিষুব রেখা।
বিষুবরেখা —উভয় মেরুর মধ্যস্থান।

ওখা—অন্ত। (৪) চতুরক্ষর।

একরোখা —(দেং) অতি রাগী, গোঁয়ার।
মন্তঃশোখা —কপিকচ্ছু, আলকুশী লতা।

খি। (১) একাক্ষর।

ক্ষি—(ধা) ক্ষয়, ক্ষীণ, ক্ষিতি, ক্ষয়থু, ক্ষেত্রজ, ক্ষেম।
ক্ষি—(ধা) বাস-ক্ষয়।

অখি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

নখী —নখ বিশিষ্ট, যাহার নখ আছে, সুগন্ধ দ্রব্য বিং
সখী —বয়স্যা, সহচরী।
অক্ষি —চক্ষু, নেত্র, লোচন।
ভক্ষি —ভোজন, ভক্ষণ।
পক্ষী —বাণ, পাখী, বিহঙ্গ।
রক্ষী —রক্ষা কর্ত্তা।
লক্ষ্মী —কমলা, পদ্মা, সীতা, সম্পত্তি, বিষ্ণু ভার্য্যা।
শঙ্খী —শঙ্খযুক্ত, বিষ্ণু, সাগর, রত্নাকর, শাঁখারী।

অখি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ত্রিতক্ষি—তক্ষত্রয়, সূত্রধারগণ।
অলক্ষ্মী —লক্ষ্মীর বিরোধিনী দেবী, দুষ্টলক্ষ্মী, দুর্ভাগ্য।

অখি—অন্ত। (৪) চতুরক্ষর।

নিষঙ্গখি —আলিঙ্গন-ধন্বী, রথ, স্কন্ধ, তূণ, সারথি।
বায়ুসখি —অগ্নি, বহ্নি।
পঞ্চপক্ষী —প্রশ্ন গণনার্থ জ্যোতিষ্ শাস্ত্র বিং।
ঘাতিপক্ষী-শ্যেন পাখী।
কান্তপক্ষী—বর্হী, ময়ূর।
পদরক্ষী —পরিধেয় বস্ত্র, মোজা, পাদাবরণ।
জয়লক্ষ্মী —যে দেবী অনুকূল হইলে জয় লাভ হয়।
রাজলক্ষ্মী —রাজশোভা, রাজশ্রী।
বনলক্ষ্মী —রম্ভা, কদলী।
মহালক্ষ্মী —দেবী বিং, ব্রহ্মার কন্যা, সরস্বতী।

অখি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

মন্দিরপক্ষী —চটক, চড়ুই, পারাবত।
নগররক্ষী —নগরপাল, নগর রক্ষক।
আকাশরক্ষী—দুর্গের বাহিরে প্রাচীরের উপরিস্থ চর।

আখি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আঁখি —(দেং) চক্ষু।
পাখি —(দেং) বিহগ, পক্ষী।
শাখী —বিটপী, বৃক্ষ, গাছ, বেদ, নৃপ বিং।

কাক্ষী —অড়হর কলাই, সৌরাষ্ট্র দেশের মৃত্তিকা।
দাক্ষী —পাণিনি মুনির মাতা।
সাক্ষী —প্রত্যক্ষদর্শী, স্বয়ং দ্রষ্টা, বৃত্তান্তজ্ঞ।
ধাঙ্‌ক্ষী —কক্কোল, এলাচী।

আখি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

মৃগাক্ষী —কুরঙ্গ নয়না স্ত্রী, হরিণ লোচনা।
শতাক্ষী —নিশা, পার্ব্বতী, শতপুষ্পা, শলুফা।
মীনাক্ষী —কুবেরের কন্যা, গণ্ড দূর্ব্বা।
বামাক্ষি —দীর্ঘ ঈকার, বাম চক্ষুঃ।
বামাক্ষী —চারুনেত্রা, সুন্দরী স্ত্রী।
ধূম্রাক্ষি —মলিনপ্রভ মুক্তা।
মৎস্যাক্ষী —হিলমোচিকা, হিংচাশাক, ব্রাহ্মী, গণ্ডদূর্ব্বা।

আখি—অন্ত। (৪) চতুরক্ষর।

শক্রশাখী —বৃক্ষ বিং, কুটজ বৃক্ষ।
সুরশাখী —দেবতরু, কল্পবৃক্ষ।
হরিণাক্ষী —মৃগনয়নী, বেশ্যা।
শকুলাক্ষী —গণ্ডদূর্ব্বা, গেঁটেদূর্ব্বা।
কূটসাক্ষী —মিথ্যাসাক্ষী, জালসাক্ষী।
কৌটসাক্ষী — [ঐ]
কর্ম্মসাক্ষী —যিনি সকলকার্য্য প্রত্যক্ষ দেখেন-সূর্য্যাদি
গূঢ়সাক্ষী —গূঢ় বৃত্তান্তজ্ঞ।
পরিকাঙ্‌ক্ষী—মুনি, তপস্বী, তাপস।

জলকাঙ্ক্ষী—হস্তী, জলাভিলাষী।

ইখি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কিখি —লঘুশৃগালী, খেঁকশিয়ালী, বানর, মর্কট।

খিখি —খেঁকশিয়ালী।

নিখী —(দেং) উৎকুণ, ডেঙ্গরের বীজ।

শিখী —অগ্নি,ময়ূর,পর্ব্বত,বাণ,ঘোটক,ব্রাহ্মণ,বৃক্ষ,বৃষ।

ইখি—অন্ত। (৪) চতুরক্ষর।

তাম্রশিখী —কুক্কুট, কুঁকড়া।

গজদীক্ষী —গণেশমন্ত্রে দীক্ষিত,নানাবর্ণে যাজন কারী।

উখি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

দুঃখী —দুঃখিত, সন্তাপিত।

সুখী —সুখ বিশিষ্ট, প্রীতিমান্, সন্তুষ্ট, যতি।

কুক্ষি —গর্ভ, কোঁক, গুহা, অভ্যন্তর স্থান।

শুক্ষি —বায়ু, বাতাস, পবন, সমীরণ, তেজঃ।

উখি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

সম্মুখী —দর্পণ, আরসি, আয়না, মুকুর।

অসুখী —দুঃখিত, পীড়িত।

বিকুক্ষি —সূর্য্যবংশীয় ইক্ষাকু রাজার পুত্র।

ব্যাতুক্ষী
ব্যাত্যুক্ষী } জলক্রীড়া, কৌতুকার্থ স্নান।

ব্যাভুক্ষী —জলবিহার।

ঋভুক্ষী —ইন্দ্র, সচিপতি, দেবরাজ।

উখি—অন্ত। (৪) চতুরক্ষর।

উল্কামুখী —শৃগালী, খেঁকশিয়ালী, আলেয়া।
নন্দীমুখী —তন্দ্রা, অবসন্নতা, নিদ্রা।
নান্দীমুখী —পৌর্ণমাসী, গোপীর কন্যা, বড়া।
সর্ব্বমুখী —সম্মার্জ্জনী, ঝাঁটা, খাঙ্‌রা।
জ্বালামুখী —হিমালয়ের নিকটবর্ত্তী তীর্থ বিং।

উখি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

শরারীমুখী—কাঁচি।

এখি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ভূল্লেখী—মাটী আঁচড়াইয়া খাদ্যান্বেষী পক্ষী-কুক্কুটাদি

এখি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অম্বরলেখী—অভ্রঙ্কষ, গগনস্পর্শী, অত্যুন্নত।

খু। (১) একাক্ষর।

ক্ষু—(ধা) হাঁচি, ক্ষৎ, ক্ষুত, ক্ষব।

অখু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

চক্ষুঃ —নয়ন, দর্শনেন্দ্রিয়, মেষশৃঙ্গী বৃক্ষ।
বঙ্ক্ষু —গঙ্গার শাখা বিং।
তক্ষু —নেকড়িয়া বাঘ।

অখু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

যিযক্ষু —যজ্ঞ করণাভিলাষী।
বিবক্ষু —বলিতে ইচ্ছুক।

তরক্ষু —নেকড়িয়া বাঘ।
বিচক্ষুঃ —চক্ষুহীন, উদ্বিগ্ন, বিমনাঃ।
সুচক্ষুঃ —ডুম্বুর বৃক্ষ, পণ্ডিত, বিদ্বান, সুন্দর।
মিমঙ্‌ক্ষু—অবগাহন করিতে ইচ্ছুক, মজ্জনেচ্ছু।

অক্ষু—অন্ত। (৪) চতুরক্ষর।

গজচক্ষুঃ —বিকৃত চক্ষু, টেরা।
লোকচক্ষুঃ—দিবাকর, সূর্য্য।
পিঙ্গচক্ষুঃ —কুমীর, নক্র।
প্রজ্ঞাচক্ষুঃ—রাজা ধৃতরাষ্ট্র, জ্ঞানই যাহার চক্ষু স্বরূপ।
পৃষ্ঠচক্ষুঃ —কর্কট, কাঁকড়া।
মুক্তচক্ষুঃ —উন্মীলিত নয়ন, সিংহ।
উপচক্ষুঃ —দিব্য চক্ষুঃ, চস্‌মা।
দিব্যচক্ষুঃ —সুলোচন, উত্তম চক্ষুবিশিষ্ট।
চারচক্ষুঃ —রাজা, নৃপতি, ভূপতি।
জগচ্চক্ষুঃ }
নভশ্চক্ষুঃ } সূর্য্য, দিবাকর, রবি।

অক্ষু—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

সপদচক্ষুঃ —চিঙ্গড়ী মাছ ও কাঁকড়া।
আকর্ণচক্ষুঃ—যে চক্ষু কর্ণ পর্য্যন্ত বিস্তৃত, বিশালনেত্র।

আখু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আখু—চোর, মূষিক, শূকর, কৃপণ।

আখু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

গন্ধাখু —ছুছুন্দরী, ছুঁচা।
বনাখু —শশক, খরগোশ।
নীরাখু —উদ্বিড়াল, জল নকুল।
জলাখু —উদ্বিড়াল, জল মার্জ্জার।

ইখু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

বিখু —নাসিকাহীন, গত নাসিকা, খাঁদা।
ইক্ষু —অসিপত্র বৃক্ষ, আকৃগাছ, কুশাইর।
ত্রিক্ষু —কুলেখাড়াগাছ।
ভিক্ষু —ভিক্ষোপজীবী, লাক্ষা।
বিখ্ন —খাঁদা, ছিন্ন নাসিকা, চন্দ্র।

ইখু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

জিঘৃক্ষু —গ্রহনেচ্ছু, লইতে অভিলাষী।
তিতিক্ষু —ক্ষমাশীল, সহিষ্ণু।
দিদৃক্ষু —দেখিতে ইচ্ছু, দর্শনোদ্যত।
বিবিক্ষু —প্রবেশ করিবার ইচ্ছুক।

ইখু—অন্ত। (৪) চতুরক্ষর।

নিজিঘৃক্ষু—নিগ্রহ করিতে ইচ্ছুক।
বিজিঘৃক্ষু—যুদ্ধ করিতে অভিলাষী।

উখু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

মুমুক্ষ—মুক্তি করিতে ইচ্ছুক, যতি, ভিক্ষু।

উখু—অন্ত। (৪) চতুরক্ষর।

আরুরুক্ষু—আরোহণ করিতে ইচ্ছুক।

এখু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কাকেক্ষু —শর, খাগড়া।

তৃণেক্ষু — [ঐ]

বৃহৈক্ষু —কাজ্‌লি আক।

এখু—অন্ত। (৪) চতুরক্ষর।

বায়সেক্ষু—কাশ তৃণ।

খে। (১) একাক্ষর।

খে—(দেং) আকাশে।

খৈ। (১) একাক্ষর।

খৈ —(ধা) খনন—খাত, পরিখা, আখু, (দেং) ভৃষ্টধান্য।

ক্ষৈ—(ধা) ক্ষয়—ক্ষম।

উখো—অন্ত। (৪) চতুরক্ষর।

মেয়েমুখো—(দেং) লাজুক, মুখচোরা।

মেনিমুখো—(দেং) লাজুক, সলজ্জ।

গ। (১) একাক্ষর।

গ—গণেশ, গগণ, গুরু, গো, জাহ্নবী, স্বর্গ।

জ্ঞ—জ্ঞানী, পণ্ডিত, ব্রহ্মা, মঙ্গলগ্রহ, বুধ, চন্দ্র।

অগ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

অগ্ —(ধা) চলন, অগ্রজ, অগ্নি। ই—অঙ্গ, চিহ্নকরা।

ডগ্ —(ইং) কুকুর।

তগ্ —(ধা) কম্পন—তঙ্গন, তঙ্গিত।

স্থগ্ —(ধা) আচ্ছাদন, আবরণ, নিবারণ—স্থগিত, স্থগ।

ফ্যগ্ —(ইং) পদ্ম, কুয়াসা।

ফ্রগ্ —(ইং) বেঙ্।

মগ্ —(ধা) গমন—মঙ্গল, (ইং) জলপাত্র।

লগ্ —(ধা) যোগকরা, প্রাপ্তি—লাগিত, লগ, সংলগ্ন।

সগ্ —(ধা) আবরণ ক্র—সগন, সগিত।

হগ্ —(ইং) শূকর।

ভন্গ্ —(ধা) গমন করা।

লন্গ্ —(ধা) প্রাপ্তি—লঙ্গ, লঙ্গন।

শ্লন্গ্ —(ধা) প্রাপ্তি।

বল্গ্ —(ধা) দৌড়িয়া যাওয়া, লম্ফন।

অগ —পর্ব্বত, বৃক্ষ, সর্প, সূর্য্য।

খগ —গ্রহ, দেবতা, বায়ু, সূর্য্য, পক্ষী, বাণ।

ছগ —ছাগল, ছাগী, নীলবর্ণ বস্ত্র।

ঠগ —(দেং) খর্ণেজপ, পরগ্লানি কারক, ঠক।

স্থগ —ধূর্ত্ত, বেহায়া, পানের বাটা, ডিপে।
ডগ —(দেং) প্রথম, লতাদির অগ্রভাগ।
নগ —বৃক্ষ, পর্ব্বত।
ভগ —ঐশ্বর্য্য, অদৃষ্ট, সৌন্দর্য্য, ইচ্ছা, অনুরাগ, স্ত্রীচিহ্ন
মগ —ব্রহ্মদেশীয় জাতি বিং।
রগ —(যাং) কপালের দুই পার্শ্বের শিরঃ, শিরা।
অগ্র্য —প্রধান, আদ্য, উত্তম, অগ্রিম।
ব্যগ্র —ব্যাকুল, ব্যস্ত, ত্রস্ত, চকিত, ভীত, আসক্ত।
অঙ্গ —মন, উপায়, একদেশ, অবয়ব, জৈনশাস্ত্র, সম্বোধন।
চঙ্গ —সুন্দর, চতুর, নিপুণ, সুস্থ, (দেং) ঘুড়ি বিং।
টঙ্গ —জঙ্ঘা, টাঙ্গী, পরশু, ৪ মাষা পরিমাণ, (দেং) মাচাং।
ঢঙ্গ —(দেং) ছল, ধূর্ত্ত, শঠ।
ত্রঙ্গ —রাজা হরিশ্চন্দ্রের পুরী।
দ্রঙ্গ —নগর, পুরী।
পঙ্গ —ফড়িঙ্, পতঙ্গ, লোকশ্রেণী।
বঙ্গ — বাঙ্গলা দেশ, বেগুণ, কার্পাস, রাং, সীসক।
ব্যঙ্গ—অঙ্গহীন, বিকলাঙ্গ, ভেক, বেঙ্, অতনু।
ভঙ্গ —ঢেউ, পরাজয়, রোগ বিং।
মঙ্গ —নৌকার গলুই।
রঙ্গ —রঞ্জক দ্রব্য, রাং, অভিনয়াদি, যুদ্ধ ক্ষেত্র, নৃত্য।
লঙ্গ —সঙ্গ, মিলন, উপপতি, খঞ্জতা, লবঙ্গ।
সঙ্গ —সংসর্গ, নদীর মিলন স্থান, আসক্তি, বন্ধুত্ব।

ব্যঙ্গ্য—ব্যঞ্জনাবৃত্তি বোধ্য অর্থ, তাৎপর্য্যার্থ, শ্লেষবাক্য।
অজ্ঞ—অজ্ঞান, বিবেচনা শূন্য, নির্ব্বোধ।
যজ্ঞ—যাগ, হোম, ক্রতু, আহব।
অদৃগ—ঘৃত, হবি।
পদৃগ—পদাতি, পদ-চারী সৈন্য, পদব্রাজক।
গর্গ—মুনি বিং।
বর্গ—সজাতী সমূহ, দল, ত্যাগ, সমানাঙ্ক দ্বয়ের পূরণ।
ভর্গ—শিব, ব্রহ্মা, সূর্য্যান্তর্গত তেজ, জ্যোতিঃ, ভাজা।
সর্গ—মোক্ষ, সৃষ্টি, চুক্তি, নিয়ম, অধ্যায়, মোহ, মলত্যাগ।
স্বর্গ—সুরলোক, ভূঃ-ভুবঃ-স্বঃ-মহঃ-জনঃ-তপঃ-সত্য।
বর্গ্য—বর্গ সম্বন্ধীয়।
স্বর্গ্য—স্বর্গ সম্বন্ধীয়, স্বর্গসুখজনক।
খড়্গ—গণ্ডারের শৃঙ্গ, খাঁড়া, গণ্ডার, লৌহ।

অগ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অঙ্কগ—ক্রোড়স্থায়ী শিশু, অপোগণ্ড বালক।
অগ্রগ—অগ্রসর, অগ্রগামী।
শীঘ্রগ—দ্রুতগামী, ত্বরিত গতি।
নীচগ—নিম্নগামী, অধম, জল।
ভুজগ—সর্প, ফণী, বিষধর, ভুজঙ্গ।
পতগ—পক্ষী, বিহঙ্গ, যে পক্ষ দ্বারা গমন করে।
অন্তগ—মৃত, পারগামী, অন্তর্গামী, প্রান্তবর্ত্তী।
পদগ—পদাতি, পাদচারি সৈন্য, পদব্রাজক।

মন্দগ —মৃদুগামী, বৃষ, হংস, জ্ঞানি, শনি, গজ।
অধ্বগ —পথিক, সূর্য্য, উট, ভাগীরথী।
ঊর্দ্ধ্বগ —ঊর্দ্ধ্বগামী, শ্লেষ্মাজন্য রোগ বিং।
পন্নগ —সর্প, ঔষধ বিং, পদ্মকাষ্ঠ।
নিম্নগ —অধোগামী, নীচগামী, গভীর।
প্লবগ —বানর, ভেক, হরিণ, সূর্য্যের সারথি।
সর্ব্বগ —সর্ব্বত্রগামী, শিব, আত্মা, বায়ু, জল, ব্রহ্মা।
সুভগ —সুন্দর, অশোকবৃক্ষ, চম্পক, প্রিয়।
দুর্ভগ —অতি দীন, ভাগ্যহীন, অপ্রিয়।
কামগ —যে ইচ্ছানুসারে সর্ব্বত্র গমনকরে, কামচারী।
সামগ —সামবেদাধ্যায়ী ব্রাহ্মণ।
উরগ —ভুজঙ্গ, সর্প।
ঔরগ —সর্প সম্বন্ধীয় বস্তু, সর্প, অশ্লেষা, নক্ষত্র।
তুরগ —মনঃ, অশ্ব।
দূরগ —যে দূরে যাইতেছে।
পারগ —পারগামী, সমর্থ।
বলগ —গতি, ভোজন।
অংশগ —যদুবংশীয় ভূপতি, সাত্যকির পুত্র।
বশগ —বশবর্ত্তী, বশীভূত, আয়ত্ত।
পার্শ্বগ —অনুচর, পার্শ্ববর্ত্তী, ভৃত্য।
বিহগ —পক্ষী, খগ, মেঘ, ইষু, সূর্য্য, সোম, বিধু।
জিহ্মগ —মন্দগতি, বক্রগামী, সর্প।

প্রত্যগ্র —নূতন, টাট্‌কা, অপরিক্ষত, শুদ্ধ।
উদগ্র —উন্নত, উদ্ধত, দীর্ঘ, তীব্র।
অব্যগ্র —সত্বরতা বিহীন, অনাকুল।
অভ্যগ্র —সমীপস্থিত, আসন্ন, নূতন।
সামগ্র্য —সমুদায়, দলবল, অস্ত্রশস্ত্র, ভাণ্ডার, বস্তু।
অগঙ্গ —যেখানে গঙ্গা নাই।
মোচঙ্গ —(দেং) পক্ষী বিং, বাদ্য যন্ত্র বিং।
ভুজঙ্গ —সর্প, বিট্, ষিড়্গা, উপপতি, লম্পট।
নার্য্যঙ্গ —নারাঙ্গা লেবুর গাছ।
কুডঙ্গ —লতাগৃহ, কুঞ্জ।
আতঙ্গ —ভয়, শঙ্কা, পীড়া, অস্বাস্থ্য, কষ্ট, মুরজবাদ্য।
পতঙ্গ —ফড়িঙ্‌, চন্দন, অগ্নিবাণ, সূর্য্য, পক্ষী, পারা।
পাতঙ্গ —পতঙ্গবর্গ।
মতঙ্গ —মুনি বিং, মেঘ, হস্তী।
মাতঙ্গ —হস্তী, অশ্বত্থ বৃক্ষ, কিরাত, চণ্ডাল।
পতঙ্গ —বকমগাছ, রক্তচন্দন।
প্রত্যঙ্গ —শরীরাবয়ব, শরীরাংশ, দেহের দেহ।
রত্যঙ্গ —যোনি, স্ত্রীচিহ্ন, ভগ।
পত্রঙ্গ —রক্ত চন্দন।
উদঙ্গ —রোগ বিং, ধমা পশ্চিমা।
মৃদঙ্গ —পাখোয়াজ, পটহ, শব্দ, বাঁশ, মুরজ।
উদ্রঙ্গ —হরিশ্চন্দ্রের পুরী, কল্পিত নগর বিং।

কুদ্রঙ্গ —একপ্রকার গৃহ, মঞ্চোপরিস্থ গৃহ বা মণ্ডপ।
মার্দ্দঙ্গ —পত্তন, নগর, সহর, মৃদঙ্গ বাদক।
অনঙ্গ —মদন, আকাশ, চিত্ত, তর্কশক্তি, অঙ্গহীন।
কুবঙ্গ —সীসক, সীসা।
লবঙ্গ —বৃক্ষ বিং, উপপতি, দেব পুষ্প, লঙ্গ।
প্লবঙ্গ —বানর, ভেক, হরিণ, সূর্য্যের সারথি।
ত্রিভঙ্গ —শ্রীকৃষ্ণ মূর্ত্তি, পাদ–কটি–মস্তকের ভঙ্গি।
বিভঙ্গ —বিন্যাস, ভঙ্গী, খণ্ড, ছেদ, সঙ্কোচ।
ভ্রূভঙ্গ —ভ্রুকুটি, কটাক্ষ।
সুভঙ্গ —নারিকেল বৃক্ষ।
অভ্যঙ্গ —তৈলবৎ বস্তুদ্বারা অঙ্গ মর্দ্দন, চক্ষুরঞ্জন করা।
অরঙ্গ —শীঘ্রগামী মৎস্য বিং।
উরঙ্গ —সর্প, ভুজঙ্গ।
করঙ্গ —(দেং) একপ্রকার ঘটী, জলপাত্র বিং।
কুরঙ্গ —মৃগ, হরিণ।
তরঙ্গ —ঢেউ, উর্ম্মি, চুনাট, ভঙ্গি।
তুরঙ্গ —অশ্ব, ঘোড়া, মন, অন্তঃকরণ।
নরঙ্গ —মুখের ব্রণ, মেঢ্র, পুংচিহ্ন।
নারঙ্গ —পিপ্পলীরস, নারাঙ্গা লেবু, গাজর, যমজভ্রাতা।
ফিরঙ্গ —স্বনাম খ্যাত ম্লেচ্ছ দেশ, রোগ বিং।
বারঙ্গ —খড়্গ প্রভৃতির বাঁট।
বৈরঙ্গ —অনাত্মীয়, শত্রু, অহিতকারী।

সরঙ্গ —পক্ষী, চতুষ্পদ।

শারঙ্গ —মৃগ, হরিণ, হস্তী, ভ্রমর, চাতকপক্ষী, ময়ূর।

সারঙ্গ —শবলতা, হস্তী, রাজহংস, কোকিল, মেঘ, বিবিধবর্ণ, সিংহ, হরিণ, চাতক, ময়ূর, বৃক্ষ, পোশাক, ফেণা, পদ্ম, শঙ্খ, ধনুঃ, কামদেব, চন্দন, কর্পূর, পৃথিবী, রাত্রি, জ্যোতি, ভ্রমর, রাগ বিং, ছত্র, সারেঙ্, বাদ্যযন্ত্র বিং, জাহাজের সারেঙ্।

সুরঙ্গ —সিন্দূর, অতি উজ্জ্বল রং, সুড়ঙ্গ, কমলালেবু

বিড়ঙ্গ —ঔষধ বিং, অভিজ্ঞ, বিজ্ঞ।

ষড়ঙ্গ —৬-দেহ-৬-বেদ-৬-সেনাবয়ব, গোক্ষুরীলতা।

সুড়ঙ্গ —সন্ধি, সিঁধ, গর্ত্ত, মাটির ভিতর দিয়া পথ।

উলঙ্গ —(দেং) বিবস্ত্র, দিগম্বর।

এলঙ্গ —মৎস্য বিং।

ছোলঙ্গ—লেবু, মাতুলঙ্গ।

জলঙ্গ —জলচর।

তৈলঙ্গ —দেশ বিং, তদ্দেশীয় অধিবাসী।

শলঙ্গ —লোকপাল, লবণ বিং।

অসঙ্গ —সঙ্গরহিত, নির্লিপ্ত, বৈরাগ্য।

আসঙ্গ —মিলন, সহবাস, ভোগাভিলাষ, সংসর্গ।

গোসঙ্গ —যেকালে গো সকল একত্রিত হয়-প্রাতঃকাল।

স্ত্রীসঙ্গ —সম্ভোগ, রমণ, রতি।

নিষঙ্গ —বাণের পাত্র, তূণীর, সংসর্গ, সম্মিলন।
নিঃসঙ্গ—সঙ্গ রহিত, নির্লিপ্ত।
পিশঙ্গ —পিঙ্গলবর্ণ, পিঙ্গলবর্ণ বিশিষ্ট।
প্রসঙ্গ —সম্পর্ক, সংযোগ, প্রস্তাব, মৈথুন, আপত্তি।
ব্যাসঙ্গ—বিশেষ মনোযোগ, অতি আসক্তি।
উৎসঙ্গ —ক্রোড়, উরু, ঊর্দ্ধ্ব ভাগ, নিঃসঙ্গ, নষ্ট, উৎসন্ন।
বিহঙ্গ —পক্ষী, পতত্রী, মেঘ, বাণ, ইষু, দিবাকর, বিধু।
হয়জ্ঞ —সইস, অশ্বপালক, অশ্বশাস্ত্র বেত্তা।
নৃযজ্ঞ —অতিথি সেবা।
কৃতজ্ঞ —যে উপকার স্বীকার করে, কুক্কুর, প্রত্যুপকারী
চিত্তজ্ঞ —যে মনের ভাব বুঝিতে পারে।
তত্বজ্ঞ —জ্ঞানী, যথার্থবেত্তা, স্বরূপজ্ঞ।
ক্ষেত্রজ্ঞ—আত্মা, পুরুষ, নিপুণ, কৃষক, অন্তর্য্যামী।
মন্ত্রজ্ঞ —চর, গুপ্ত দূত, পরামর্শ দাতা, মন্ত্রী, কুহকী।
শাস্ত্রজ্ঞ —শাস্ত্রে পারদর্শী।
অর্থজ্ঞ —জ্ঞানী, বিবেচক, যিনি সমস্ত বাক্যার্থ জানেন
ষট্প্রাজ্ঞ —কামুক, লম্পট, ধর্ম্মাদি ছয় বিষয়ে পণ্ডিত।
দৈবজ্ঞ —গণক, ভাগ্য কথয়িতা, লগ্নাচার্য্য।
সর্ব্বজ্ঞ —শিব, বুদ্ধ, যিনি সকল জানেন।
ধর্ম্মজ্ঞ —ধর্ম্মজ্ঞান বিশিষ্ট, ধার্ম্মিক।
মর্ম্মজ্ঞ —স্বরূপগ্রাহী, নিগূঢ় তত্বজ্ঞ, পণ্ডিত, মর্ম্মবিৎ।
কালজ্ঞ —যে সময় বুঝিয়া কর্ম্ম করে-কুক্কুট, কালবেত্তা

দোষজ্ঞ —পণ্ডিত, চিকিৎসক, যে দোষ জানে।
মাসজ্ঞ —ডাকপাখী, পানকৌড়ী, মাসজ্ঞাতা।
রসজ্ঞ —স্বাদগ্রাহী, রসিক, সামাজিক।
অসংজ্ঞ —চৈতন্য রহিত।
শ্রীসংজ্ঞ —লবঙ্গ।
ব্রহ্মজ্ঞ —ব্রহ্মবেত্তা, তত্ত্বজ্ঞানী, বেদজ্ঞ।
কবর্গ —ক, খ, গ, ঘ, ঙ।
ত্রিবর্গ —ধর্ম্মার্থ-কাম, সৃ-স্থি লয়, ত্রিফলা, ত্রিক।
প্রবর্গ —হোমাগ্নি বিং, হোম বহ্নি।
গোসর্গ —প্রাতঃকাল-যখন গো-পাল চরিতে যায়।
নিসর্গ —প্রকৃতি, রূপ, সর্গ, ত্যাগ, সৃষ্টি।
বিসর্গ —ত্যাগ,গমন,দীপ্তি,ঃ,দান,মলত্যাগ,দক্ষিণায়ন
সংসর্গ —সহবাস, সম্বন্ধ।
ভূস্বর্গ —সুমেরু পর্ব্বত, ইহা পৃথিবীতে স্বর্গ স্বরূপ।
উৎসর্গ —পরিত্যাগ, দান, সামান্য বিধি।
অস্বর্গ্য —স্বর্গ গমনের প্রতিবন্ধক, নরক সাধক।

অগ—অন্ত। (৪) চতুরক্ষর।

ক্যাটেলগ —(ইং) দ্রব্যাদির তালিকা।
অনুদ্বগ —চিন্তা, শূন্য, উদ্বেগহীনতা।
সমুদ্রগ —সমুদ্রগামী, সমুদ্রস্থিত।
দীর্ঘাধ্বগ —ডাকের পেয়াদা, উট, দ্রুতগামী।
পুরাণগ —ব্রহ্মা, পুরাণ গায়ক।

চতুর্ব্বর্গ —পুরুষার্থ চতুষ্টয়—ধর্ম্মার্থ-কাম-মোক্ষ।
বিদূরগ —অতিশয় দূরগামী।
মহোরগ —বৃহৎ সর্প, সর্প গণ বিং, তগর মূল।
কুটিলগ —বক্রগামী, সর্প।
সবলগ —(যাং) সাকুল্য টাকার পরিমাণ।
আকাশগ —শূন্যচারী।
অজিহ্মগ —বাণ, শর, সরলগামী, অবক্র গতি।
মদোদগ্র —মদমত্ত, প্রগল্‌ভ, ধৃষ্ট।
চলদঙ্গ —মৎস্যবিং, চেঙ্গ মাছ।
স্রবদ্রঙ্গ —বাজার, হাট।
ধ্বজভঙ্গ —সন্তানোৎপাদন শক্তিহীনতা, ক্লীব।
কটভঙ্গ —সৈন্য ভঙ্গে রাজাদিগের বিনাশ।
ছত্রভঙ্গ —বৈধব্য, স্বাধীনতা, অরাজকতা ছোড়ভঙ্গ
পত্রভঙ্গ —পত্রাবলী, পত্র লেখা।
শরভঙ্গ —মুনি বিং।
স্বরভঙ্গ —গলরোগ বিং, গলাধরণ।
আশাভঙ্গ —নৈরাশ্য, আকাঙ্ক্ষা বৈফল্য।
নাগরঙ্গ —কমলা লেবু, নারাঙ্গা লেবু।
রাজরঙ্গ —রৌপ্য, রজত।
বাতরঙ্গ —অশ্বত্থ বৃক্ষ, পিপ্পল, চলদল।
চতুরঙ্গ —হস্তী-অশ্ব-রথ-পাদাতি সেনা, পাশক্রীড়া।
উত্তরঙ্গ —দ্বারোপরিস্থিত বক্র কাষ্ঠ, উদ্‌গত তরঙ্গ

অন্তরঙ্গ —অন্তঃকরণ, সম্পর্কীয়, স্বজন।
বাদরঙ্গ —অশ্বত্থ বৃক্ষ, ন্যগ্রোধ।
রাধরঙ্গ —লাঙ্গল, মন্দ ২ বৃষ্টি, শীলা বৃষ্টি।
যুদ্ধরঙ্গ —কার্ত্তিকেয়, ষড়ানন, স্কন্দ।
চীনরঙ্গ —সীসা।
মীনরঙ্গ —মাছরাঙ্গা পাখী।
নবরঙ্গ —কায়স্থের কুল, দবাখেলার প্রণালী বিং
পূর্ব্বরঙ্গ —নান্দী পাঠাদি, প্রস্তাবনা, নাট্যশালা।
কর্ম্মরঙ্গ —কামরাঙা গাছ ও ফল।
মৎস্যরঙ্গ —মাছরাঙ্গা পাখী।
স্নেহরঙ্গ —শস্য বিং, তিল।
বহিরঙ্গ —অনাত্মীয়, পর, বাহ্য অঙ্গ।
একসঙ্গ —বিষ্ণু, নারায়ণ।
চক্রসঙ্গ —ধাতু বিং, টিন।
অঙ্গসঙ্গ —দেহের পরস্পর সংযোগ, মৈথুন, রতি।
ব্যতিষঙ্গ —আসক্তি, একত্রে বন্ধন, পরস্পর মিলন।
মুক্তসঙ্গ —বিষয়াসক্তি বিবর্জ্জিত, পরিব্রাজক।
অনুষঙ্গ —দয়া, স্নেহ, সম্বন্ধ, প্রসঙ্গ, আসক্তি।
অপাসঙ্গ —তূণ।
উপাসঙ্গ —তূণ, তূণীর।
সমাসঙ্গ —অত্যাসক্তি, সংযোগ, অন্তর্নিবেশন।

অভিষঙ্গ } অভিশাপ, শপথ, অভিভব, পরাজয়,
অভীষঙ্গ } অপবাদ, সম্পর্ক, ভূতে পাওয়া, ব্যসন।
পরিষঙ্গ —আলিঙ্গন।
জয়যজ্ঞ —জয় সূচক-অশ্বমেধ যজ্ঞ।
পঞ্চযজ্ঞ —ব্রহ্ম-নৃ-দেব-পিতৃ-ভূত এই পঞ্চ যজ্ঞ।
ভূতযজ্ঞ —ভূতযোনি দিগের পূজা, বৈশ্বদেব কর্ম্ম।
পিতৃযজ্ঞ —তর্পণ, শ্রাদ্ধ।
অধিযজ্ঞ —কৃষ্ণ।
জপযজ্ঞ —জপকরণ, ইষ্টদেবতার নাম মনেং পঠন।
মহাযজ্ঞ —বেদাধ্যয়ন, হোম, অতিথি পরিচর্য্যা।
অকৃতজ্ঞ —যে উপকার স্বীকার না করে, কৃতঘ্ন।
গণিতজ্ঞ —গণিত শাস্ত্রবেত্তা।
নিমিত্তজ্ঞ —নিমিত্ত বিদ্, হেতুজ্ঞানবান্।
শকুনজ্ঞ —কাক চরিত্র, চিহ্নজ্ঞ, লক্ষণজ্ঞ।
বিধানজ্ঞ —বিধানবেত্তা, বিধিজ্ঞ।
অন্তঃপ্রজ্ঞ —অন্তরের বিষয় যিনি জানেন।
অন্তরজ্ঞ —যিনি অন্তরের বিষয় জানেন, বিচক্ষণ।
ত্রিকালজ্ঞ —ভূত-ভবিষ্যৎ-বর্ত্তমান-ত্রিকাল বেত্তা।
বিশেষজ্ঞ —যে ব্যক্তি বিশেষ জানে, জ্ঞানী।
রক্তসংজ্ঞ —কুঙ্কুম।
কন্দসংজ্ঞ —যোন্যর্শ, যোনিতে রক্তস্রাবরূপ রোগবি৽
চন্দ্রসংজ্ঞ —কর্পূর, ঘনসার।

সোমসংজ্ঞ —কর্পূর।
লঘুগর্গ —ত্রিকণ্টক মৎস্য, টেঙ্গরামাছ।
রক্তবর্গ —দাড়িম, কিংশুক, লাক্ষা,হরিদ্রা ইত্যাদি।
ভিন্নবর্গ —ভগ্নাংশের বর্গ।
অপবর্গ —মুক্তি,ফলসিদ্ধি, দান, নির্ব্বাণ।
ষড়বর্গ —কাম-ক্রোধ-লোভ-মোহ-মদ-মাৎসর্য্য।
অম্লবর্গ —সুশ্রুত মতে দাড়িম্ব, আমলকি।
পোষ্যবর্গ —প্রতিপালনীয়গণ,অনুচর,পরিবার,ভৃত্য।
একসর্গ —একাগ্রমনাঃ।
ভূতসর্গ —ব্রাহ্ম-প্রাজাপত্যোত্যাদি ১৪শ ভূত সৃষ্টি।
অতিসর্গ —দান, উৎসর্গ।
প্রতিসর্গ —ব্রহ্মার সৃষ্টির পর দক্ষাদির সৃষ্টি।
উপসর্গ —ভূকম্পাদি উৎপাত, বিঘ্ন, ২০ প্রকার।
অবসর্গ —স্বেচ্ছাচার।
স্ত্রীসংসর্গ —স্ত্রী সহবাস, মৈথুন।
জীবোৎসর্গ—প্রাণ ত্যাগ।
বৃষোৎসর্গ —ত্রিশূল চক্রাঙ্কিত বৃষ ত্যাগ।
ব্যালখড়্গ —ব্যাল নখ, ব্যালবল।

অগ—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

পরপত্রগ —সঙ্কেত বাক্য, কপট বাক্য।
গগণাধ্বগ —সূর্য্য, দিবাকর, তপন, রবি, ভাস্কর।
গুরুতল্পগ —গুরুপত্নীগামী, বিমাতৃগামী।

ভদ্রতুরগ —জম্বুদ্বীপের নব বর্ষান্তর্গত বর্ষ বিং।
বেদপারগ —বেদজ্ঞ ব্রাহ্মণ।
যুগপার্শ্বগ —শিক্ষার্থ লাঙ্গলে যোড়া গরু।
অঙ্গপ্রত্যঙ্গ —সকলাবয়ব, সর্ব্ব শরীর, আপাদ মস্তক।
অভ্রমাতঙ্গ —ঐরাবত হস্তী, পূর্ব্বদিঙ্ নাগ।
অরাতিভঙ্গ —শত্রুর পরাজয় বা বিনাশ।
চর্ম্মতরঙ্গ —শিথিলিত চর্ম্ম, রোগ বিং, বলি।
জলতরঙ্গ —জলের ঢেউ,বীচি,বাদ্যযন্ত্র,অলঙ্কার বিং।
অতিপ্রসঙ্গ —অতিশয় প্রণয়, অতি বিস্তৃতি।
কথাপ্রসঙ্গ —কথোপকথন,কথাসূত্রে, বাতুল,সাপুড়ে।
উত্তরাসঙ্গ —আচ্ছাদন বস্ত্র, উড়ানী, চাদর।
অনভিষ্যঙ্গ —বিচ্ছেদ, বিয়োগ, অসংযোগ।
মনুষ্যযজ্ঞ —নৃপযজ্ঞ, অতিথি সেবা।
উদ্‌ঘাটিতজ্ঞ —বুদ্ধিমান, প্রাজ্ঞ।
শাস্ত্রতত্ত্বজ্ঞ —শাস্ত্রে পারদর্শী, শাস্ত্রবিৎ।
ব্যবহারজ্ঞ —সাবালক, ব্যবহার বেত্তা।
দেশকালজ্ঞ —যে দেশ ও কাল বুঝিয়া কার্য্য করে।
অম্বরসর্গ —যথেচ্ছা প্রবৃত্তি।

অগ—অন্ত। (৬) ষড়ক্ষর।

দশযোগভঙ্গ —সংস্কার কর্ম্ম জন্য নক্ষত্র বেধ বিং।
মুক্তপরিষঙ্গ —যাহার ভোগ স্পৃহা নাই, নিস্পৃহ।
পঞ্চমহাযজ্ঞ —বেদাধ্যয়নাদি ৫ প্রকার কর্ত্তব্য কর্ম্ম।

অগ—অন্ত। (৮) অষ্টাক্ষর।

চতুস্ত্রিংশৎজাতকজ্ঞ—বুদ্ধ।

আগ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আগ্ —(দেং) পিটুলি নির্ম্মিত চিত্র বিচিত্র দ্রব্য, শ্রী।

জাগ্ —(ইং) কুঁজো।

ষ্ট্যাগ্ —(ইং) হরিণ, মৃগ।

বাগ্ —(ইং) ছারপোকা।

মার্গ্ —(ধা) গমন, মার্গ।

কাগ —স্বনাম খ্যাত পক্ষী, দ্বীপ বিং, কড়ার ৪র্থাংশ

ছাগ —ছাগল, অজ।

যাগ —যজ্ঞ, হোম।

ত্যাগ —দান, পরিত্যাগ, বিসর্জ্জন, পরিহার, বৈরাগ্য।

দাগ —(যাং) অঙ্ক, কলঙ্ক, চিহ্ন।

নাগ —সর্প বিং, হস্তী, মেঘ, সীসক, জাতি বিং, নিষ্ঠুর, অনাচারী, নাগদন্ত, নাগকেশর বৃক্ষ, মুথা, দেহস্থ বায়ু, করণ বিং, তাম্বুল।

পাগ —(দেং) শিরোবেষ্টন বস্ত্র, উষ্ণীষ।

বাগ —দিক্, নিকট, আয়ত্ততা।

ভাগ —অংশ, একদেশ, ভগ্নাংশ, অদৃষ্ট।

মাগ —(দেং) স্ত্রী, ভার্য্যা, বনিতা।

রাগ —রক্তবর্ণ, অনুরাগ, বিষয়েচ্ছা, ষড়বিধ স্বর, রঞ্জন, রং করা, রজোগুণ, দ্বেষ, সন্তোষ, চন্দ্র,

সূর্য্য, নৃপ, শস্য বিং।

লাগ —সংলগ্ন, লাগা।

বাগ্য —মিতভাষী, বাগ্দরিদ্র।

ভাগ্য —ভাগ যোগ্য, ভাগ বিশিষ্ট, সুদী টাকা, অদৃষ্ট, ভবিতব্যতা, দিষ্ট, দৈব, শুভাশুভ কার্য্য।

প্রাগ্র্য —প্রধান, শ্রেষ্ঠ।

আগঃ —অপরাধ, পাপ, ক্ষতি।

আঙ্গ —কোমলাঙ্গ, শরীর সম্বন্ধীয়।

গাঙ্গ —ভীষ্ম, কার্ত্তিকেয়, গঙ্গা সম্বন্ধীয়।

চাঙ্গ —দন্তের সৌষ্ঠব বা সৌন্দর্য্য, (দেং) মাচাং।

সাঙ্গ —অঙ্গযুক্ত, সম্পূর্ণ, সমাপ্ত।

মার্গ —(ধা) অন্বেষণ, মার্গণ, মার্গিত, মার্গ্য, মার্গয়তি।

মার্গ —পথ, অগ্রহায়ণ, অন্বেষণ, বিষ্ণু, গুহ্য।

মার্গ্য —মার্জ্জনীয়, অন্বেষণীয়, গবেষণীয়।

শার্ঙ্গ —শৃঙ্গ সম্বন্ধীয়, বিষ্ণুর ধনুক, আদ্র্ক, চাপ।

আগ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

প্রয়াগ —এলাহাবাদ, তীর্থ বিং, অশ্ব, ইন্দ্র, যজ্ঞ।

সজাগ —জাগ্রত, ঈষৎ নিদ্রা যুক্ত।

তটাগ, তঠাগ —তড়াগ, সরোবর, বৃহৎ জলাশয়।

অস্থাগ —অগাধ, অতি গভীর।

পুন্নাগ —শ্বেত পদ্ম, শ্বেত হস্তী, প্রধান, নাগকেশর।

দিঙ্নাগ —দিগ্গজ, দিগ্হস্তী।
বিভাগ —ভাগ, বণ্টন, পার্থক্য।
শ্রীরাগ —ষড় রাগের মধ্যে তৃতীয় রাগ।
পরাগ —ধূলী, গন্ধ চূর্ণ, চন্দন, স্নানীয় দ্রব্য।
বিরাগ —বৈরাগ্য, ঔদাস্য, অননুরাগ।
সরাগ —অনুরক্ত,রঞ্জিত,রক্তবর্ণ,অনুরাগী,বাসনাযুক্ত।
তড়াগ —গভীর পুষ্করিণী, দীঘী, ফান্দ বিং।
সোহাগ —(দেং) আদর করণ, বাৎসল্য করণ।
দুর্ভাগ্য —দুরদৃষ্ট, মন্দভাগ্য, অভাগা।
দৌর্ভাগ্য—দুরদৃষ্ট, মন্দভাগ্য, হতভাগ্য।
নির্ভাগ্য —মন্দভাগ্য, দুরদৃষ্ট, দুর্ভাগ্য।
বৈরাগ্য —সংসারে ঔদাস্য, বিরাগ, বৈষ্ণব ধর্ম্ম।
একাগ্র —একমনাঃ, অনন্যচিত্ত, একচিত্ততা।
অষ্টাগ্র —অষ্ট কোণ বিশিষ্ট, অষ্ট ভুজ বিশিষ্ট।
সিতাগ্র —কণ্টক, কাঁটা।
অবাগ্র —অধোমুখ, অবনত, নম্র।
আরাগ্র —অর্দ্ধচন্দ্রাকার মুখযুক্ত যন্ত্র।
বংশাগ্র —বাঁশের কোঁড়া, বংশ প্ররোহ।
একাগ্র্য —একচিত্ততা, অনন্য চিত্ত, একমনাঃ।
ঐকাগ্র্য —একাগ্রতা, একবিষয়েই মনোনিবেশ।
অপ্রাগ্র্য —অপ্রধান, অশ্রেষ্ঠ, নিকৃষ্ট।
নিরাগঃ —নিষ্পাপ, নিরপরাধ, অনঘ।

একাঙ্গ —বুধগ্রহ, চন্দন, এক শরীর।

শাকাঙ্গ —গোলমরিচ।

চক্রাঙ্গ — রথ, গাড়ী, বাগান, হংস, হেলেঞ্চা, মঞ্জিষ্ঠা।

বক্রাঙ্গ —হংস, বাঁকা অঙ্গ।

শুক্রাঙ্গ —ময়ূর, শিখী, শিখণ্ডী।

যজ্ঞাঙ্গ —যজ্ঞের উপকরণ, উড়ুম্বর বৃক্ষ, ব্রাহ্মণ।

পঞ্চাঙ্গ —পঞ্চ অবয়ব বিশিষ্ট, কচ্ছপ, অশ্ব বিং।

রাজ্যাঙ্গ—রাজ্যের আবশ্যক অঙ্গ-যথা রাজেত্যাদি।

বজ্রাঙ্গ —ভুজঙ্গ, ভোগী, সর্প, বজ্র তুল্য কঠিন দেহ।

ভোটাঙ্গ—দেশ বিং, ভূটান।

খট্বাঙ্গ —খাটের পায়া, নরপঞ্জর, নৃপ বিং।

অষ্টাঙ্গ —আট প্রকার যোগ-প্রণাম।

গণ্ডাঙ্গ —গণ্ডার।

শতাঙ্গ —স্যন্দন, রথ, তিনিশবৃক্ষ।

সিতাঙ্গ —বেলিয়া মাছ।

চিত্রাঙ্গ —হিঙ্গুল, হরিতাল, সর্প, চিতা, চিত্রিতাঙ্গ।

পত্রাঙ্গ —রক্তচন্দন সদৃশ কাষ্ঠ বিং, বকম্ কাঠ।

রক্তাঙ্গ —রক্তদেহ, মৎকুণ, কুজ গ্রহ, পলা।

দীপ্তাঙ্গ —ময়ূর, শিখী।

রথাঙ্গ —রথচরণ-চক্র-চাকা, চক্রবাক্ পক্ষী।

বেদাঙ্গ —শ্রুতির অবয়ব, শিক্ষাদি ছয় প্রকার শাস্ত্র।

সুধাঙ্গ —চন্দ্র, শশী, বিধু।

অর্দ্ধাঙ্গ —শরীরের অর্দ্ধ, পত্নী।
সেনাঙ্গ —অশ্ব-হস্তী-রথ-পদাতি,এই চতুর্ব্বিধ সৈন্য।
হীনাঙ্গ —অঙ্গহীন, বিকলাঙ্গ।
অপাঙ্গ —বিকলাঙ্গ, তিলক, চক্ষুকোণ।
উপাঙ্গ —অপ্রধান অংশ, তিলক, পত্রাবলি।
কুপাঙ্গ —রোমাঞ্চ, রোমহর্ষ।
ধূপাঙ্গ —তার্পিন তৈল।
সূপাঙ্গ —হিঙ্গু, হিং।
সর্ব্বাঙ্গ —সকল অবয়ব, সকল শরীর।
শ্যামাঙ্গ —বুধগ্রহ, যাহার শরীর কৃষ্ণবর্ণ।
হিমাঙ্গ —শীতল তনু।
হেমাঙ্গ —গরুড়, সিংহ, ব্রহ্মা, সুবর্ণাঙ্গ, সুমেরু।
গৌরাঙ্গ —শ্রীচৈতন্য দেব, শ্বেত কায়, সুন্দর শরীর।
ধারাঙ্গ —খড়্গ, তীর্থ।
বরাঙ্গ —বিষ্ণু, কন্দর্প, হস্তী, শ্রেষ্ঠ বপু, স্ত্রীপুং চিহ্ন।
হীরাঙ্গ —ইন্দ্রের বজ্র।
ক্রোড়াঙ্গ—কচ্ছপ, কাছিম।
গূঢ়াঙ্গ —কূর্ম্ম, গুপ্তাঙ্গ জীব, কবন্ধ, কমঠ।
দৃঢ়াঙ্গ —হীরক, দৃঢ়কায়।
নীলাঙ্গ —পক্ষী বিং, সারস পক্ষী।
পলাঙ্গ —শিশুমার, শুশুক।
কৃশাঙ্গ —ক্ষীণ কায়।

হ্রস্বাঙ্গ —মূল বিং, জীরক।

মহাঙ্গ —উষ্ট্র, উট, ক্রমেলক।

অমার্গ —পথাভাব, পথ বিহীন, যাহার পথ নাই।

বিমার্গ —কুপথ, কদাচার, সম্মার্জ্জনী, খেঙ্‌রা।

উন্মার্গ —অসৎ পথ, গর্হিত আচরণ।

সন্মার্গ —সচ্চরিত্র।

আগ—অন্ত। (৪) চতুরক্ষর।

সোমযাগ —সোমলতা রস পানাত্মক যজ্ঞ বিং।

গ্রহযাগ —গ্রহযজ্ঞ, নবগ্রহ-শান্তির হোম।

পরিত্যাগ —ত্যাগ, বিসর্জ্জন, বর্জ্জন।

দেহত্যাগ —আত্মার দেহ ছাড়িয়া যাওয়া, মৃত্যু।

পাণ্ডুনাগ —পুন্নাগ বৃক্ষ, শ্বেত বর্ণ সর্প, শ্বেতহস্তী।

তন্তুনাগ —গ্রাহ, হাঙর।

মল্লনাগ —ঐরাবত হস্তী, পত্রবাহক, কামশাস্ত্র, মুনি বিং

দায়ভাগ —পৈতৃক ধন বিভাগ গ্রন্থ বিং।

পক্ষভাগ —পার্শ্বদেশ, হস্তীর পার্শ্ব ভাগ।

অগ্রভাগ —প্রধান অংশ, প্রান্তভাগ।

আর্ত্তভাগ —ঋতভাগ গোত্রজ ঋষি বি।

রূপভাগ —হ্রাস করণ, কমান।

পরভাগ —সুসম্পত্তি, শেষাংশ, গুণোৎকর্ষ।

সুরাভাগ —মদের ফুট।

মহাভাগ —মহাশয়, সাধু, সৌভাগ্যশালী, শ্রেষ্ঠ।

পিকরাগ —আম্র বৃক্ষ, আম গাছ।
অঙ্গরাগ —শরীর সৌন্দর্য্য সম্পাদক দ্রব্য, গাত্ররঞ্জন।
পীতরাগ —পীতবর্ণ, কিঞ্জল্ক, কেশর।
বীতরাগ —নিস্পৃহ, বিবেকী, রাগ শূন্য।
মদরাগ —কাম, অনুরাগ, কুক্কুট, ভোগাভিলাষ।
পদ্মরাগ —রক্তবর্ণ মণি বিং, পলা।
মণিরাগ —হিঙ্গুল।
অনুরাগ —প্রীতি, স্নেহ, আসক্তি, রাগ।
অপরাগ —অনুরাগ, বিরাগ, বিরক্তি।
উপরাগ —যন্ত্রণা, পরিবাদ, চন্দ্র বা সূর্য্যগ্রহণ, রাহু।
পুষ্পরাগ —মণি বিং, পদ্মরাগ মণি।
পূর্ব্বরাগ —প্রথমানুরাগ।
তরুরাগ —কিশলয়, নবপল্লব।
নীলীরাগ —স্থির সৌহার্দ্দ, দৃঢ় প্রণয়, নীলবর্ণ।
পৌরোভাগ্য—দোষমাত্র দর্শন।
মণ্ডলাগ্র —অসি, খড়্গ, তরবার।
অষ্টকাঙ্গ —নয়পীঠি, পাশার ছক্।
শূলকাঙ্গ —বরুণের পাশ।
ভৈষজাঙ্গ —অনুপান, ঔষধের সহিত পানীয় রসাদি।
লোহিতাঙ্গ—মঙ্গল গ্রহ, রক্ত বর্ণ শরীর।
বিচিত্রাঙ্গ —ময়ূর, ব্যাঘ্র, মনোহর দেহ।
হরিদ্রাঙ্গ —হরিতাল পক্ষী, হরিদ্রাবর্ণ দেহ।

সিতাপাঙ্গ—শিখী, ময়ূর।

শুক্লাপাঙ্গ—ময়ূর।

উত্তমাঙ্গ —মস্তক, শির।

অধমাঙ্গ —পাদ, চরণ।

কর্ক্করাঙ্গ —পক্ষী বিং, খঞ্জন পাখী।

আচারাঙ্গ—জৈনদিগের ধর্ম্ম শাস্ত্র বিং।

বিকলাঙ্গ —হীনাঙ্গ, খঞ্জ প্রভৃতি।

কোমলাঙ্গ—যাহাদের শরীর অতিশয় কোমল।

পুরুষাঙ্গ —পুংচিহ্ন, শিশ্ন।

ষোড়শাঙ্গ—ষোল অঙ্গ বিশিষ্ট-ধূপ বিং।

রাজমার্গ —৪০ হস্ত বিস্তার অতি প্রশস্ত সাধারণ পথ

জ্ঞানমার্গ—নিবৃত্তি মার্গ, জ্ঞানাভ্যাস।

অপমার্গ —মন্দ পথ, দেহ মার্জ্জন।

অপামার্গ—আপাং গাছ।

উরুমার্গ —প্রশস্ত রাস্তা।

জলমার্গ —জল প্রণালী, জলপথ, নর্দ্দমা।

আগ—অস্ত। (৫) পঞ্চাক্ষর।

আলস্যত্যাগ —জৃম্ভণ, গাত্রভঙ্গ।

শ্রমবিভাগ —কার্য্যবণ্টক প্রণালী।

অব্যক্তরাগ —ঈষৎ লোহিতবর্ণ।

তাম্বুলরাগ —মসুরি কলাই, পানের দাগ।

উদ্ঘাটিতাঙ্গ —বুদ্ধিমান্, বিবস্ত্র, উলঙ্গ।

অষ্টাদশাঙ্গ —অষ্টাদশ দ্রব্যাত্মক পাঁচন।
নরেন্দ্রমার্গ —রাজপথ, প্রকাশ্য রাস্তা।
সংসারমার্গ —যোনি, স্ত্রী চিহ্ন।

আগ—অন্ত। (৬) ষড়ক্ষর।

ব্যবহারমার্গ—ঋণদান প্রভৃতি ১৮ বিধ বিবাদের স্থান।

আগ—অন্ত। (৭) সপ্তাক্ষর।

উদ্ভিদসংবিভাগ—তরুগুল্মাদির জাতি বিভাগ।

ইগ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ইগ্ —(ধা) গমন, প্রাপ্তি, সঙ্কেত-ইঙ্গিন, ইঙ্গিত,ইঙ্গন।
পিগ্ —(ইং) শূকর শাবক, শূকরের ছানা।
মৃগ্ —(ধা) অন্বেষণ-মার্গণ, মৃগয়া,মৃগিত, মৃগ্য, মৃগ।
রিগ্ —(ধা) গমন-রিঙ্গন, রিঙ্গিত।
লিগ্ —(ধা) গমন-আঙ্গিন, আলিঙ্গিত, আলিঙ্গক।
ইন্গ্ —(ধা) গমন করা।
রিন্গ্—(ধা) গমন করা।
সৃগ —ভিন্দিপাল, খর্ব্ববাণ।
নৃগ —ইক্ষ্বাকুবংশোদ্ভব রাজা বিং।
মৃগ —হরিণ, অগ্রহায়ণ মাস, অন্বেষণ, শিকার।
মৃগ্য —অন্বেষণীয়।
বিগ্র —খাঁদা, নাসিকাহীন।
শিগ্রু —শজিনাগাছ, শাক, মোরঙ্গ বৃক্ষ।
তিগ্ম —উষ্ণ, কটু, তীক্ষ্ণ, উদ্ধত।

ইঙ্গ —ইঙ্গিত, জ্ঞান, অদ্ভুত।

শৃঙ্গ —বিষাণ, শিং, শিখর, চিহ্ন, প্রভুত্ব, প্রভাব, পিচকারি, পদ্ম, শিঙা, কামোদ্রেক, কৃত্রিম-ফোয়ারা, অতি সূক্ষ্ম, জীবক।

পিঙ্গ —পিঙ্গল বর্ণ, দুর্গা, হরিদ্রা, বালক, শাবক, হরিতাল।

ভৃঙ্গ —মধুকর, ভৃঙ্গার, ভৃঙ্গরাজ বৃক্ষ, লম্পট, অভ্রক।

লিঙ্গ —চিহ্ন, হেতু, শিশ্ন, অনুমান, প্রকৃতি।

বিজ্ঞ —বিচক্ষণ, পণ্ডিত, জ্ঞানী, নিপুণ, প্রবীণ।

মুদ্গ —পাণিকৌড়ী, মুগ কলাই।

নির্গ —দেশ, জনপদ।

বিড়্গা—কামুক, লম্পট, জার, উপপতি।

ইগ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

বাতিগ —যে বাতরোগ উপশম করে, বেগুণ।

ত্রিশৃঙ্গ —ত্রিকুট পর্ব্বত, ত্রিভুজ, ত্রিকোণ।

জোটিঙ্গ —শিব, তপস্বী।

আফিঙ্গ —অহিফেন।

কলিঙ্গ —দেশ বিং, পক্ষী বিং।

কালিঙ্গ —কলিঙ্গদেশীয় রাজা, তরমুজ, হস্তী, সর্প।

কুলিঙ্গ —চটক, ফিঙ্গা পাখী।

স্ত্রীলিঙ্গ —স্ত্রীবাচক শব্দ, যোনি।

পুংলিঙ্গ —পুরুষ বাচক শব্দ, পুং চিহ্ন।

স্ফুলিঙ্গ —অগ্নিকণা, ফিণ্কী।

নদীজ্ঞ —যে ব্যক্তি নদীর গতি বিশেষ রূপে জানে।
আধিজ্ঞ —ব্যথিত, দুঃখিত, বক্র।
বিধিজ্ঞ —শাস্ত্রজ্ঞ, নিয়মজ্ঞ, বিধান বেত্তা, সদস্য।
অভিজ্ঞ —যাহার জ্ঞান জন্মিয়াছে, জ্ঞানবান্।
নাড়ীজ্ঞ —বৈদ্য, চিকিৎসক।

ইগ—অন্ত। (৪) চতুরক্ষর।

দয়াতিগ —সত্ত্বগুণ বিশিষ্ট, রজস্তমোগুণবিহীন।
জনাতিগ —অলৌকিক, সর্ব্বোৎকৃষ্ট।
শাখামৃগ —কপি, বানর, প্লবঙ্গ, মর্কট।
লতামৃগ —বানর, কপি।
গন্ধমৃগ —কস্তূরী মৃগ, গন্ধগকুলা, খট্টাস।
গ্রামমৃগ —কুক্কুর, কুকুর।
গ্রাম্যমৃগ — [ঐ]
তরুমৃগ —শাখামৃগ, বানর।
ব্যালমৃগ —চিতাবাঘ।
শালামৃগ —শিয়াল, শৃগাল।
নিশামৃগ — [ঐ]
গৃহমৃগ —সারমেয়, কুকুর।
ঈহামৃগ —যাহার মৃগবধ করিবার চেষ্টা, নেকড়েবাঘ
মহামৃগ —হস্তী, গজ, শরভ।
অঙ্গুলিগ—যেসকল জীব অঙ্গুলির উপর ভরদিয়া চলে।
একশৃঙ্গ —বিষ্ণু, একশৃঙ্গযুক্ত পশু।

রাজশৃঙ্গ —মাগুর মাছ, রাজচ্ছত্র।
পৃষ্ঠশৃঙ্গ —বন্যছাগল, যাহারশৃঙ্গ পৃষ্ঠেরদিকে অবনত
স্কন্ধশৃঙ্গ —মহিষ, লুলাপ।
কৃষ্ণশৃঙ্গ —যাহার শৃঙ্গ কাল, মহিষ।
পৃশ্নিশৃঙ্গ —শ্রীকৃষ্ণ, গণেশ, হেরম্ব, গজানন।
গিরিশৃঙ্গ —গণেশ, পর্ব্বতের চূড়া।
সালশৃঙ্গ —ভিত্তির উপরিভাগ।
ঋষ্যশৃঙ্গ —বিভাণ্ডক মুনির পুত্র।
একপিঙ্গ —কুবের।
শ্বেতপিঙ্গ —সিংহ, শুক্লপীতবর্ণ।
মহাভৃঙ্গ —নীলবর্ণ ভীমরাজ গাছ।
জ্যোতিরিঙ্গ—খদ্যোৎ, জোনাকী পোকা।
একলিঙ্গ —কুবের; স্থান বিং।
আত্মলিঙ্গ—আত্মার অস্তিত্বের পরিচায়ক সুখ-দুঃখাদি
ঊর্দ্ধ্বলিঙ্গ—শিব, মহাদেব, শঙ্কর, মৃড়।
বাণলিঙ্গ —নর্ম্মদা নদীজাত শিবলিঙ্গ বিং।
উপলিঙ্গ —ভূমিকম্প প্রভৃতি উপদ্রব, অরিষ্ট।
বিস্ফুলিঙ্গ —অগ্নিকণা, বিষ বিং।
ক্লীবলিঙ্গ —স্ত্রীপুরুষভিন্নবাচক।
কাব্যলিঙ্গ—অর্থালঙ্কার বিং।
শিবলিঙ্গ —শিবের প্রস্তরমৃত্তিকাদিময় লিঙ্গমূর্ত্তি।
প্রবৃত্তিজ্ঞ—বার্ত্তাবহ, চর।

অনভিজ্ঞ—নির্ব্বোধ, মূর্খ, অজ্ঞ।

ষড়ভিজ্ঞ—পরচিত্ত জ্ঞানাদি ষড় বিষয়ে অভিজ্ঞ।

ইগ—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অজহল্লিঙ্গ—স্বলিঙ্গের অত্যাগী শব্দ।

দৃঢ়প্রতিজ্ঞ—যাহার প্রতিজ্ঞা কখন অন্যথা হয়না।

উগ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

যুগ—যোড়া, সত্য, ত্রেতা, দ্বাপর, কলি, ৪হাত, যোয়ালি।

দ্যুগ—পক্ষী, পাখী, বিহঙ্গ।

পূগ—গুবাক, কাঁঠাল, পুঞ্জ, গুণ, ছন্দ।

মুগ—শস্য বিং, কলাই।

স্থগ—বিষ্ঠা, পুরীষ, শোভনগামী, সুগম।

যুগ্য—বাহন, যান, যুগবাহী পশু।

উগ্র—শিব, আগুরি, ক্রোধ, তীব্র, ভয়ানক।

যুগ্ম—যুগল, যোড়া, দ্বন্দ্ব, ছন্দের মিল।

তুঙ্গ—উগ্র, উন্নত, নারিকেল, হরিদ্রা, পর্ব্বত, রাত্রি।

পুঙ্গ—রাশি, সমূহ, স্তুপ।

শুঙ্গ—বটবৃক্ষ, আমড়াগাছ, শুঁয়া।

উদ্গ—উর্দ্ধগত, উত্থিত।

মুদ্গ—মুগকলাই, জলবায়স, পানিকৌড়ি।

দুর্গ—কেল্লা, দুর্গম, অগম্য পথ, ক্ষুদ্র সেতু বিং।

উগ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আখুগ—মূষিক বাহন, গণেশ, গজানন।

অযুগ —স্বতন্ত্র, এক, বিষম।
ত্রিযুগ —বিষ্ণু, নারায়ণ।
সংযুগ —যুদ্ধ, সংগ্রাম, আহব, সংযোগ, বিগ্রহ, রণ।
অনুগ —পশ্চাদ্‌গামী, সেবক, চর, স্বামী, প্রভু।
আশুগ —বাণ, বায়ু, সূর্য্য, শীঘ্রগামী।
অনুগ্র —ঠাণ্ডা, ভদ্র, শিষ্ট।
অযুগ্ম —স্বতন্ত্র, এক, বিষম।
উচ্চুঙ্গ —পতঙ্গবিং, উইচিঙ্গড়া।
অতুঙ্গ —বামন, খর্ব্ব, বেঁটিয়া।
সুতুঙ্গ —অতিশয় উচ্চ, নারিকেল বৃক্ষ।
উত্তুঙ্গ —উন্নত, অত্যুচ্চ।
বহুজ্ঞ —বহুদর্শী, যাহার অনেক দেখা শুনা আছে।
সমুদ্গ —কৌটা, খুঙি।
অব্দুর্গ —চতুর্দ্দিগে পরিখাবেষ্টিত দুর্গ।

উগ—অন্ত। (৪) চতুরক্ষর।

দৈবযুগ —দেবমানে ১২০০০বর্ষ,মনুষ্যপরিমাণে ৪ যুগ।
কর্ম্মযুগ —কলিযুগ, শেষ যুগ।
চতুর্যুগ —সত্য-ত্রেতা-দ্বাপর-কলি, এই ৪ যুগ।
জঙ্গপূগ —পাপ, কুক্রিয়া, দুষ্কার্য্য।
মাতুলুঙ্গ —বীজপুর, দাড়িম্ব।
মস্তুলুঙ্গ —মস্তিষ্ক, মাথার ঘি।
শ্বেতশৃঙ্গ —যব, শুক্লবর্ণ শৃঙ্গ বিশিষ্ট।

পীতমুদ্গ —মুদ্গ বিং, সোণামুগ।

কৃষ্ণমুদ্গ —কালমুগ।

ধন্বদুর্গ —মরুভূমি।

ষড়্‌দুর্গ —ধন্ব-মহী-গিরি-মনুষ্য-মৃৎ-বনদুর্গ।

উগ—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অশ্বগোযুগ —এক যোড়া ঘোড়া।

উষ্ট্রগোযুগ —একযোড়া উষ্ট্র।

অম্বরযুগ —স্ত্রীলোকের অধোর্দ্ধ পরিচ্ছদ বিং।

এগ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

এগ্ —(ইং) ডিম্ব, আণ্ডা।

প্লেগ্—(ইং) মড়ক।

বেগ্ —(ইং) প্রার্থনা করা।

লেগ্ —(ইং) পা, জঙ্ঘা।

বেগ —ত্বরা, প্রবাহ, নির্গম, প্রবৃত্তি, উদ্যম, প্রণয়, শুক্র, আগ্রহ।

এগ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অগ্রেগ —অগ্রসর, অগ্রগামী।

আবেগ —ত্বরা, শীঘ্র, চিত্তসম্ভ্রম।

সংবেগ —অতি বেগ, ভয় জনিত ত্বরা।

উদ্বেগ —উৎকণ্ঠা, ভয়, ত্বরা, ক্ষোভ, দুঃখ, উদ্গমন।

এগ—অন্ত। (৪) চতুরক্ষর।

নাটমেগ্—(ইং) জায়ফল।

ঐগ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

তৈগ্ম্য—তীক্ষ্ণতা, প্রখরতা।

লৈঙ্গ —লিঙ্গ পুরাণ, লিঙ্গ সম্পর্কীয়।

ওগ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

যোগ —সঙ্গতি, যুক্তি, মিলন, সম্বন্ধ, উপায়, ধ্যান, প্রতারণা, লাভ, শুভকাল, প্রণিধি, চর, সঙ্ক-লন, পরিণাম, নিয়ম, উপযুক্ততা, প্রয়োগ, উপার্জ্জন, বিশ্বাসঘাতক, মান, কৌশল, ফল।

ভোগ —ফলানুভব, মান, দেহ, সর্প, পালন, ধন, সুখ, পণ্য স্ত্রীর বেতন।

রোগ —ব্যাধি, পীড়া, অসুস্থতা, (ইং) দুষ্ট।

যোগ্য—উপযুক্ত, শক্ত, পবিত্র, প্রাচীন, প্রত্যক্ষ, সমর্থ।

রোগ্য—অহিত, কুপথ্য, রোগ সম্বন্ধীয়।

ওগ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

নিয়োগ —আজ্ঞা, শাসন, প্রবৃত্তি, নিয়ম, অধিকার।

প্রয়োগ —উদাহরণ, নিদর্শন, অনুষ্ঠান, প্রযুক্তি, বশী-করণ, ঘোটক, উল্লেখ, ঋণ দান, অর্পণ, যত্ন, অবসর, দৃষ্টান্ত, অর্থ, বিষয়, প্রবর্ত্তন।

বিয়োগ —বিরহ, বিচ্ছেদ, অভাব, পৃথক্‌ভাব।

অযোগ —অমিল, চিকিৎসা, ঘৃণা, বল, হাতুড়ী।

আযোগ —গন্ধ মাল্যোপহার, ব্যাপার, কুল।

ব্যাযোগ —নাট্যগ্রন্থ-দশবিধ রূপকান্তর্গত রূপক বিং।